রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৪ সনের ৪৩ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২৪, ২০২৪

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭৩৯—৭৬৬ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৪৩৩—২৪৬০ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৬৯—২৮৩ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২১০৫—২১৩৫ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-৪ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩১/১৫ সেপ্টেম্বর ২০২৪

**নং ০৫.০০.০০০০.১৮৩.২৭.০০৫.২২-৪১৪**—যেহেতু, জনাব মুহাম্মদ সানিউল কাদের (পরিচিতি নম্বর:২০৫৯৫), প্রথম সচিব (রাজনৈতিক-৩) হিসেবে কলকাতায় বাংলাদেশ উপ-হাইকমিশনে কর্মরত থাকাকালীন তাঁর বিরুদ্ধে এক নারীর সাথে অনৈতিক সম্পর্কে জড়িয়ে পড়ার মাধ্যমে একজন দায়িত্বশীল কুটনীতিবিদ হিসেবে ব্যক্তিগত সম্পর্ক স্থাপনে অসাবধনতা প্রদর্শন এবং দেশের ভাবমূর্তি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত করার অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রণয়নপূর্বক তাঁর নিকট প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত জনাব মুহাম্মদ সানিউল কাদের (পরিচিতি নম্বর: ২০৫৯৫) অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রাপ্ত হয়ে যথাসময়ে লিখিত জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানির জন্য ইচ্ছা পোষণ করেন এবং তৎপ্রেক্ষিতে ২৯ জুন ২০২২ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়;

যেহেতু, অভিযুক্তের লিখিত জবাব এবং ব্যক্তিগত শুনানিতে উপস্থাপিত উভয় পক্ষের বক্তব্য পর্যালোচনার পর বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্তের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, তদন্ত প্রতিবেদন অনুযায়ী জনাব মুহাম্মদ সানিউল কাদের (পরিচিতি নম্বর: ২০৫৯৫)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি; এবং

যেহেতু, মামলায় আনীত অভিযোগ, অভিযুক্তের জবাব, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তা জনাব মুহাম্মদ সানিউল কাদের (পরিচিতি নম্বর: ২০৫৯৫) এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তিনি অব্যাহতি পাওয়ার যোগ্য;

সেহেতু, জনাব মুহাম্মদ সানিউল কাদের (পরিচিতি নম্বর: ২০৫৯৫), নির্বাহী কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব), জেলা পরিষদ, মাগুরা (প্রাক্তন প্রথম সচিব, বাংলাদেশ ডেপুটি হাই কমিশন, কলকাতা) এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাঁকে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহিত প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.০০.০০০০.১৮৩.২৭.০০৪.২৩-৪১৫**—যেহেতু, জনাব মোহাম্মদ মনিরুজ্জামান (পরিচিতি নম্বর: ২০৬৮৯), প্রাক্তন সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা-এর বিরুদ্ধে দায়িত্ব পালনে অমনোযোগিতা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা, রাষ্ট্রীয় আচার পালনে অবহেলা, দায়িত্বহীনতা, বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে ঔদ্ধত্যপূর্ণ আচরণের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রণয়নপূর্বক তাঁর নিকট প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত জনাব মোহাম্মদ মনিরুজ্জামান (পরিচিতি নম্বর: ২০৬৮৯) অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রাপ্ত হয়ে যথাসময়ে লিখিত জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানির জন্য ইচ্ছা পোষণ করেন এবং তৎপ্রেক্ষিতে ২৪ আগস্ট ২০২৩ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়;

যেহেতু, অভিযুক্তের লিখিত জবাব এবং ব্যক্তিগত শুনানিতে উপস্থাপিত উভয়পক্ষের বক্তব্য পর্যালোচনার পর বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্তের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন অনুযায়ী জনাব মোহাম্মদ মনিরুজ্জামান (পরিচিতি নম্বর: ২০৬৮৯)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি; এবং

যেহেতু, মামলায় আনীত অভিযোগ, অভিযুক্তের জবাব, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় অভিযুক্ত জনাব মোহাম্মদ মনিরুজ্জামান (পরিচিতি নম্বর: ২০৬৮৯)-এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তিনি অব্যাহতি পাওয়ার যোগ্য;

সেহেতু, জনাব মোহাম্মদ মনিরুজ্জামান (পরিচিতি নম্বর: ২০৬৮৯), প্রাক্তন সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয় বরগুনা-এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রামাণিত না হওয়ায় তাঁকে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোখলেস উর রহমান**
সিনিয়র সচিব।

---

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৩ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/১৮ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **০৫.০০.০০০০.১৮১.২৭.০০২.২৩(বি.মা.).৫৪৬**—যেহেতু, জনাব মোঃ মাসুদুর রহমান (পরিচিতি নং: ১৮৭৮৯) এর বিরুদ্ধে পিরোজপুর জেলার নাজিরপুর উপজেলা ভূমি অফিসে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে কর্মরত থাকাকালীন উক্ত উপজেলার সকল ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সার্টিফিকেট পেশকার ও মিউটেশন কাম সার্টিফিকেট সহকারীসহ অন্যান্য কর্মচারীদের উপস্থিতিতে জুলাই/২০২৩ মাসে অনুষ্ঠিত একটি সভায় নামজারি মামলার আবেদনকারীর নিকট থেকে সরকার-নির্ধারিত ফি'র অতিরিক্ত ফি আদায়ের নির্দেশনা প্রদানপূর্বক উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসে উক্ত অবৈধ অর্থের বিভাজন নির্ধারণ সম্পর্কিত কথোপকথনের একটি অডিও ক্লিপ গত ১৭-০৯-২০২৩ তারিখে সামাজিক যোগাযোগ মাধ্যম ও বেশ কয়েকটি শীর্ষস্থানীয় গণমাধ্যমে প্রকাশিত হওয়ার পরিপ্রেক্ষিতে বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগের নির্দেশনায় ও জেলা প্রশাসক, পিরোজপুর কর্তৃক গঠিত তদন্ত কমিটির পরিচালিত তদন্তে আনীত অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া যায় এবং তৎপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের মতামতের আলোকে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২৯-১১-২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৮১.২৭.০০২.২৩(বি.মা.).৪৫১ নং স্মারকে তাঁকে কৈফিয়ত তলব করা হয় ও একই সাথে তিনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তা জানতে চাওয়া হয়; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১৩-১২-২০২৩ তারিখে কারণ দর্শানোর জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ২৪-০১-২০২৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং শুনানি অন্তে অভিযোগের বিষয়ে তদন্তের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) বিধি অনুযায়ী একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক গত ২০-০৮-২০২৪ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মো: মাসুদুর রহমান (১৮৭৮৯) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে উল্লেখ করেন;

৪। সেহেতু, উভয় পক্ষের সাক্ষী, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনান্তে জনাব মো: মাসুদুর রহমান (পরিচিতি নং ১৮৭৮৯) প্রাক্তন সহকারী কমিশনার (ভূমি), নাজিরপুর, পিরোজপুর ও বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সচিব) (সাময়িক বরখাস্তকৃত), জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাঁকে এ বিভাগীয় মামলার বর্ণিত অভিযোগের দায় হতে 'অব্যাহতি, প্রদান করা হলো।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোখলেস উর রহমান**
সিনিয়র সচিব।

---

**শৃঙ্খলা-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩১/১৫ সেপ্টেম্বর ২০২৪

নং **০৫.০০.০০০০.১৮৪.২৭.০০৬.২২(বি.মা.).৫৭০**—যেহেতু, মো: মাশফাকুর রহমান (পরিচিতি নং ১৬৮৬৯), প্রক্তন উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গাবালী, পটুয়াখালী বর্তমানে উপপরিচালক (গবেষণা ও পরিবীক্ষণ), জাতীয় নদী রক্ষা কমিশন-এর বিরুদ্ধে প্রচলিত আইন-কানুন, বিধি-বিধান, আদেশ-নিষেধ প্রতিপালন না করা, উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্যকরণ, আশ্রয়ণ-২ প্রকল্পের কাজে অনিয়ম, ভিপি সম্পত্তির নবায়ন ফি ডিসিআর রিসিট এর মাধ্যমে আদায় না করে উপজেলা নির্বাহী অফিসারের প্যাডে আদায়, হাট বাজার ইজারা কার্যক্রমে অনিয়ম, উর্ধ্বতন অফিসের রিপোর্ট রিটার্ন যথাসময়ে প্রেরণ না করা, কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত ইত্যাদি অভিযোগে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে গত ১৩ ডিসেম্বর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৮৪.২৭.০০৬.২২.৬৮৩ নম্বর স্মারকে বিভাগীয় মামলা রুজু করে অভিযুক্তের বরাবর অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কৈফিয়ত তলব করা হয়;

২. যেহেতু, জনাব মো: মাশফাকুর রহমান (পরিচিতি নং ১৬৮৬৯) ২৭ ডিসেম্বর ২০২২ তারিখে তাঁর লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে ০১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

৩. যেহেতু, সরকার পক্ষের বক্তব্য, অভিযুক্তের বক্তব্য এবং নথি পর্যালোচনায় উল্লিখিত অভিযোগের বিষয়ে ন্যায় বিচার নিশ্চত করা ও প্রকৃত তথ্য উৎঘাটনের নিমিত্ত অভিযোগটি তদন্ত করা প্রয়োজন মর্মে সিদ্ধান্ত গৃহীত হওয়ায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্ত কর্মকর্তা ১৯ আগস্ট ২০২৪ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন; এবং

৪. যেহেতু তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেছেন যে, জনাব মো: মাশফাকুর রহমান (পরিচিতি নং ১৬৮৬৯), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গাবালী, পটুয়াখালী এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার শুরু থেকে এই তদন্ত প্রতিবেদন প্রস্তুতির পূর্ব পর্যন্ত রাষ্ট্রপক্ষের দাখিলকৃত জবাব, দালিলিক প্রমাণাদি এবং বাদীর বক্তব্য ও দাখিলকৃত জবাব পুঙ্খানুপুঙ্খভাবে নির্মোহ বিশ্লেষণ করা হয়েছে; অভিযুক্ত কোন পরিবেশে দুর্গম একটি উপজেলায় কাজ করেছেন সে বিষয়টিও আমলে নেয়া হয়েছে এবং পটুয়াখালী জেলা প্রশাসক কর্তৃক আনীত অভিযোগগুলোর গভীরতা বিশ্লেষণপূর্বক দাখিলকৃত কাগজপত্র ও সাক্ষপ্রমাণাদি বিশ্লেষণ করে প্রতীয়মান হয় যে, রাষ্ট্রপক্ষ কর্তৃক আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

৫. সেহেতু, জনাব মো: মাশফাকুর রহমান (পরিচিতি নং ১৬৮৬৯), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গাবালী, পটুয়াখালী বর্তমানে উপপরিচালক (গবেষণা ও পরিবীক্ষণ), জাতীয় নদী রক্ষা কমিশন-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে প্রমাণিত না হওয়ায় তাঁকে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

৬. জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোখলেস উর রহমান**
সিনিয়র সচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**সিটি কর্পোরেশন-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩১/২৩ সেপ্টেম্বর ২০২৪

নং **৪৬.০০.০০০০.০০০.০৭০.১৮.০০০৬.২৪-৯৩৮**—এতদ্বারা 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪' এর ধারা ২৫ক এর উপ-ধারা (১) প্রয়োগ করে পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পাশে বর্ণিত সিটি কর্পোরেশনের প্রশাসক হিসেবে নিয়োগ প্রদান করা হলো:

মোঃ নজরুল ইসলাম, অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ—ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।

২। নিয়োগকৃত প্রশাসক 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪' এর ধারা ২৫ক এর উপ-ধারা (৩) অনুযায়ী ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র এর ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন। তিনি নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে এ দায়িত্ব পালন করবেন এবং বিধি মোতাবেক 'দায়িত্ব ভাতা' প্রাপ্য হবেন। এছাড়া, অন্য কোনো আর্থিক বা অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন না।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১১ আশ্বিন ১৪৩১/২৬ সেপ্টেম্বর ২০২৪

নং **৪৬.০০.০০০০.০০০.০৭০.১৮.০০০৬.২৪-৯৫১**—এতদ্বারা 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪' এর ধারা ১৩ক প্রয়োগ করে বাংলাদেশের নিম্নবর্ণিত সিটি কর্পোরেশনসমূহের কাউন্সিলরগণকে (সংরক্ষিত আসনসহ) স্ব স্ব পদ হতে অপসারণ করা হলো:

| ক্রমিক | সিটি কর্পোরেশনের নাম |
|---|---|
| ১. | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ২. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| ৩. | চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| ৪. | খুলনা সিটি কর্পোরেশন |
| ৫. | রাজশাহী সিটি কর্পোরেশন |
| ৬. | সিলেট সিটি কর্পোরেশন |
| ৭. | বরিশাল সিটি কর্পোরেশন |
| ৮. | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ৯. | কুমিল্লা সিটি কর্পোরেশন |
| ১০. | রংপুর সিটি কর্পোরেশন |
| ১১. | গাজীপুর সিটি কর্পোরেশন |
| ১২. | ময়মনসিংহ সিটি কর্পোরেশন |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৬.০০.০০০০.০০০.০৭০.১৮.০০০৬.২৪-৯৫৪**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪' এর ধারা ২৫(ক) (২) মোতাবেক সরকার কর্তৃক নিম্নরূপভাবে 'কমিটি' গঠন করা হলো:

**১। ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর জন্য:**

**সভাপতি**

১. প্রশাসক, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

**সদস্যবৃন্দ**

২. অতিরিক্ত বিভাগীয় কমিশনার (বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত)

৩. অতিরিক্ত/যুগ্ম কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (পুলিশ কমিশনার কর্তৃক মনোনীত)

৪. সদস্য, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (চেয়ারম্যান কর্তৃক মনোনীত)

৫. সদস্য, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (চেয়ারম্যান কর্তৃক মনোনীত)

**সদস্যবৃন্দ**

৬. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (প্রধান প্রকৌশলী কর্তৃক মনোনীত)

৭. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর (প্রধান প্রকৌশলী কর্তৃক মনোনীত)

৮. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থাপত্য অধিদপ্তর (প্রধান প্রকৌশলী কর্তৃক মনোনীত)

৯. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (প্রধান প্রকৌশলী কর্তৃক মনোনীত)

১০. উপ ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) (ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মনোনীত)

১১. সদস্য, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) (চেয়ারম্যান কর্তৃক মনোনীত)

১২. অতিরিক্ত নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) (নির্বাহী পরিচালক কর্তৃক মনোনীত)

১৩. পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর (মহাপরিচালক কর্তৃক মনোনীত)

১৪. পরিচালক পরিবেশ অধিদপ্তর (মহাপরিচালক কর্তৃক মনোনীত)

১৫. পরিচালক দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক কর্তৃক মনোনীত)

১৬. পরিচালক সমাজ সেবা অধিদপ্তর (মহাপরিচালক কর্তৃক মনোনীত)

১৭. সদস্য বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (চেয়ারম্যান কর্তৃক মনোনীত)

১৮. পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স (মহাপরিচালক কর্তৃক মনোনীত)

১৯. পরিচালক, বাংলাদেশ প্রত্নতত্ত্ব বিভাগ (মহাপরিচালক কর্তৃক মনোনীত)

২০. অতিরিক্ত জেলা প্রশাসক (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)

২১. উপব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পানি সরবরাহ ও পয়নিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা) (ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মনোনীত)

২২. পরিচালক, তিতাস গ্যাস (ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মনোনীত)

২৩. পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক কর্তৃক মনোনীত)

২৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক কর্তৃক মনোনীত)

**সদস্য-সচিব**

২৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

**২। বিভাগীয় শহর এলাকার সিটি কর্পোরেশন (চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল, রংপুর ও ময়মনসিংহ সিটি কর্পোরেশন) এর জন্য :**

**সভাপতি**

১. প্রশাসক, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন

**সদস্যবৃন্দ**

২. অতিরিক্ত/যুগ্মকমিশনার, সংশ্লিষ্ট মেট্রোপলিটন পুলিশ (পুলিশ কমিশনার কর্তৃক মনোনীত)

৩. উপব্যবস্থাপনা পরিচালক, সংশ্লিষ্ট পানি সরবরাহ ও পয়নিষ্কাশন কর্তৃপক্ষ (ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মনোনীত)

৪. সদস্য, সংশ্লিষ্ট উন্নয়ন কর্তৃপক্ষ (চেয়ারম্যান কর্তৃক মনোনীত) (যদি থাকে)

৫. সদস্য, সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষ (চেয়ারম্যান কর্তৃক মনোনীত) (যদি থাকে)

৬. অতিরিক্ত জেলা প্রশাসক/উপপরিচালক, স্থানীয় সরকার, সংশ্লিষ্ট জেলা (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)

৭. মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)

৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর

৯. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর

১০. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

১১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

১২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

১৩. পরিচালক, স্বাস্থ্য, সংশ্লিষ্ট বিভাগ

**সদস্যবৃন্দ**

১৪. তত্ত্বাবধায়ক/নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

১৫. প্রতিনিধি, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স

১৬. প্রতিনিধি, পরিবেশ অধিদপ্তর

১৭. প্রতিনিধি, বন অধিদপ্তর (যদি থাকে)

১৮. প্রতিনিধি, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)

১৯. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা

২০. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

**সদস্য-সচিব**

২১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন

**৩। বিভাগীয় শহরের বাইরের সিটি কর্পোরেশন (গাজীপুর, নারায়ণগঞ্জ ও কুমিল্লা সিটি কর্পোরেশন) এর জন্য :**

**সভাপতি**

১. প্রশাসক, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন

**সদস্যবৃন্দ**

২. অতিরিক্ত জেলা প্রশাসক/উপপরিচালক, স্থানীয় সরকার, সংশ্লিষ্ট জেলা (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)

৩. পুলিশ সুপার, সংশ্লিষ্ট জেলা

৪. সিভিল সার্জন, সংশ্লিষ্ট জেলা

৫. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা

৬. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সংশিষ্ট জেলা

৭. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সংশিষ্ট জেলা

৮. জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট জেলা

৯. জেলা প্রাথমিক শিক্ষ অফিসার, সংশ্লিষ্ট জেলা

১০. প্রতিনিধি, সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ/কোম্পানি

১১. যুগ্মপরিচালক, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)

১২. প্রতিনিধি, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স

১৩. প্রতিনিধি, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)

১৪. প্রতিনিধি, সংশ্লিষ্ট উন্নয়ন কর্তৃপক্ষ

১৫. উপমহাব্যবস্থাপক, তিতাস গ্যাস লিমিটেড

১৬. উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা

**সদস্য-সচিব**

১৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন

কমিটি'র কার্য পরিধি (ToR):

(১) কমিটির সদস্যবৃন্দ 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪' অনুযায়ী সিটি কর্পোরেশনের প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান করবেন;

(২) 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪' এর ধারা ২৫ক এর উপ-ধারা (৩) অনুযায়ী নিযুক্ত কমিটির সদস্যবৃন্দ কাউন্সিলরের দায়িত্ব পালন করবেন; এবং

(৩) কমিটির সদস্যবৃন্দ বিধি মোতাবেক সম্মানী ভাতা প্রাপ্য হবেন। তবে সম্মানী ভাতা ৫,০০০ (পাঁচ হাজার) টাকার অধিক হবে না। অন্য কোনো আর্থিক সুবিধা বা অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ শামছুল ইসলাম**
উপসচিব।

**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩১/২৩ সেপ্টেম্বর ২০২৪

নং **৪৬.০০.০০০০.০০০.০৬৩.২৭.০০০২.২৪-১০৭৪**—স্থানীয় সরকার বিভাগ হতে গত ১৮ আগস্ট ২০২৪ তারিখের ৯৯৮নং প্রজ্ঞাপন, ২২ আগস্ট ২০২৪ তারিখের ১০০৩ ও ১০০৪নং প্রজ্ঞাপন এবং ১২ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ১০৫৭নং প্রজ্ঞাপন এর অংশবিশেষ সংশোধন করে স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ এর ৪২ক ধারা মোতাবেক পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পৌরসভার প্রশাসক নিয়োগ প্রদান করা হলো :

| ক্রমিক | পৌরসভার নাম | প্রশাসকের নাম/পদবি |
|---|---|---|
| ১. | সাভার পৌরসভা, ঢাকা | উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা |
| ২. | দোহার পৌরসভা, ঢাকা | উপজেলা নির্বাহী অফিসার, দোহার, ঢাকা |
| ৩. | ধামরাই পৌরসভা, ঢাকা | উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই, ঢাকা |
| ৪. | মুকসুদপুর পৌরসভা, গোপালগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ |
| ৫. | কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ |
| ৬. | কালিয়াকৈর পৌরসভা, গাজীপুর | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর |
| ৭. | কালীগঞ্জ পৌরসভা, গাজীপুর | উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর |
| ৮. | শ্রীপুর পৌরসভা, গাজীপুর | উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর |
| ৯. | গোয়ালন্দ পৌরসভা, রাজবাড়ী | উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী |
| ১০. | পাংশা পৌরসভা, রাজবাড়ী | উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী |
| ১১. | সোনারগাঁও পৌরসভা, নারায়ণগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁও, নারায়ণগঞ্জ |
| ১২. | তারাব পৌরসভা, নারায়ণগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ |
| ১৩. | কাঞ্চন পৌরসভা, নারায়ণগঞ্জ | সহকারী কমিশনার (ভূমি), রূপগঞ্জ, নারায়ণগঞ্জ |
| ১৪. | আড়াইহাজার পৌরসভা, নারায়ণগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ |
| ১৫. | গোপালদী পৌরসভা, নারায়ণগঞ্জ | সহকারী কমিশনার (ভূমি), আড়াইহাজার, নারায়ণগঞ্জ |
| ১৬. | ভাংগা পৌরসভা, ফরিদপুর | উপজেলা নির্বাহী অফিসার, ভাংগা, ফরিদপুর |
| ১৭. | বোয়ালমারী পৌরসভা, ফরিদপুর | উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর |
| ১৮. | মধুখালী পৌরসভা, ফরিদপুর | উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর |
| ১৯. | আলফাডাঙ্গা পৌরসভা, ফরিদপুর | উপজেলা নির্বাহী অফিসার, আলফাডাঙ্গা, ফরিদপুর |
| ২০. | মাধবদী পৌরসভা, নরসিংদী | উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর, নরসিংদী |
| ২১. | ঘোড়াশাল পৌরসভা, নরসিংদী | উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী |
| ২২. | মনোহরদী পৌরসভা, নরসিংদী | উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী |
| ২৩. | রায়পুরা পৌরসভা, নরসিংদী | উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদী |
| ২৪. | ভৈরব পৌরসভা, কিশোরগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ |
| ২৫. | বাজিতপুর পৌরসভা, কিশোরগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ |
| ২৬. | করিমগঞ্জ পৌরসভা, কিশোরগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, করিমগঞ্জ, কিশোরগঞ্জ |
| ২৭. | কুলিয়ারচর পৌরসভা, কিশোরগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, কুলিয়ারচর, কিশোরগঞ্জ |
| ২৮. | ঘাটাইল পৌরসভা, টাংগাইল | উপজেলা নির্বাহী অফিসার, ঘাটাইল, টাংগাইল |
| ২৯. | সখীপুর পৌরসভা, টাংগাইল | উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর, টাংগাইল |
| ৩০. | মধুপুর পৌরসভা, টাংগাইল | উপজেলা নির্বাহী অফিসার, মধুপুর, টাংগাইল |
| ৩১. | গোপালপুর পৌরসভা, টাংগাইল | উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর, টাংগাইল |
| ৩২. | কালিহাতী পৌরসভা, টাংগাইল | উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতী, টাংগাইল |
| ৩৩. | বাসাইল পৌরসভা, টাংগাইল | উপজেলা নির্বাহী অফিসার, বাসাইল, টাংগাইল |

| ক্রমিক | পৌরসভার নাম | প্রশাসকের নাম/পদবি |
|---|---|---|
| ৩৪. | এলেঙ্গা পৌরসভা, টাংগাইল | সহকারী কমিশনার (ভূমি), কালিহাতী, টাংগাইল |
| ৩৫. | সিংগাইর পৌরসভা, মানিকগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, সিংগাইর, মানিকগঞ্জ |
| ৩৬. | কালকিনি পৌরসভা, মাদারীপুর | উপজেলা নির্বাহী অফিসার, কালকিনি, মাদারীপুর |
| ৩৭. | রাজৈর পৌরসভা, মাদারীপুর | উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর, মাদারীপুর |
| ৩৮. | ডামুড্যা পৌরসভা, শরিয়তপুর | উপজেলা নির্বাহী অফিসার, ডামুড্যা, শরিয়তপুর |
| ৩৯. | জাজিরা পৌরসভা, শরিয়তপুর | উপজেলা নির্বাহী অফিসার, জাজিরা, শরিয়তপুর |
| ৪০. | গফরগাঁও পৌরসভা, ময়মনসিংহ | উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ |
| ৪১. | ত্রিশাল পৌরসভা, ময়মনসিংহ | উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ |
| ৪২. | মুক্তাগাছা পৌরসভা, ময়মনসিংহ | উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ |
| ৪৩. | মেলান্দহ পৌরসভা, জামালপুর | উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ, জামালপুর |
| ৪৪. | মাদারগঞ্জ পৌরসভা, জামালপুর | উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর |
| ৪৫. | ইসলামপুর পৌরসভা, জামালপুর | উপজেলা নির্বাহী অফিসার, ইসলামপুর, জামালপুর |
| ৪৬. | নালিতাবাড়ী পৌরসভা, শেরপুর | উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ী, শেরপুর |
| ৪৭. | নকলা পৌরসভা, শেরপুর | উপজেলা নির্বাহী অফিসার, নকলা, শেরপুর |
| ৪৮. | শ্রীবরদী পৌরসভা, শেরপুর | উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর |
| ৪৯. | মোহনগঞ্জ পৌরসভা, নেত্রকোনা | উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোনা |
| ৫০. | দুর্গাপুর পৌরসভা, নেত্রকোনা | উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, নেত্রকোনা |
| ৫১. | মদন পৌরসভা, নেত্রকোনা | উপজেলা নির্বাহী অফিসার, মদন, নেত্রকোনা |
| ৫২. | কেন্দুয়া পৌরসভা, নেত্রকোনা | উপজেলা নির্বাহী অফিসার, কেন্দুয়া, নেত্রকোনা |
| ৫৩. | চৌদ্দগ্রাম পৌরসভা, কুমিল্লা | উপজেলা নির্বাহী অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা |
| ৫৪. | নাঙ্গলকোট পৌরসভা, কুমিল্লা | উপজেলা নির্বাহী অফিসার, নাঙ্গলকোট, কুমিল্লা |
| ৫৫. | বরুড়া পৌরসভা, কুমিল্লা | উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া, কুমিল্লা |
| ৫৬. | চান্দিনা পৌরসভা, কুমিল্লা | উপজেলা নির্বাহী অফিসার, চান্দিনা, কুমিল্লা |
| ৫৭. | হাজীগঞ্জ পৌরসভা, চাঁদপুর | উপজেলা নির্বাহী অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর |
| ৫৮. | শাহরাস্তি পৌরসভা, চাঁদপুর | উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি, চাঁদপুর |
| ৫৯. | কচুয়া পৌরসভা, চাঁদপুর | উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, চাঁদপুর |
| ৬০. | মতলব পৌরসভা, চাঁদপুর | উপজেলা নির্বাহী অফিসার, মতলব দক্ষিণ, চাঁদপুর |
| ৬১. | নারায়ণপুর পৌরসভা, চাঁদপুর | সহকারী কমিশনার (ভূমি), মতলব দক্ষিণ, চাঁদপুর |
| ৬২. | চৌমুহনী পৌরসভা, নোয়াখালী | উপজেলা নির্বাহী অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী |
| ৬৩. | চাটখিল পৌরসভা, নোয়াখালী | উপজেলা নির্বাহী অফিসার, চাটখিল, নোয়াখালী |
| ৬৪. | বসুরহাট পৌরসভা, নোয়াখালী | উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানিগঞ্জ, নোয়াখালী |
| ৬৫. | সোনাইমুড়ী পৌরসভা, নোয়াখালী | উপজেলা নির্বাহী অফিসার, সোনাইমুড়ি, নোয়াখালী |
| ৬৬. | রামগঞ্জ পৌরসভা, লক্ষ্মীপুর | উপজেলা নির্বাহী অফিসার, রামগঞ্জ, লক্ষ্মীপুর |
| ৬৭. | রায়পুর পৌরসভা, লক্ষ্মীপুর | উপজেলা নির্বাহী অফিসার, রায়পুর, লক্ষ্মীপুর |
| ৬৮. | রামগতি পৌরসভা, লক্ষ্মীপুর | উপজেলা নির্বাহী অফিসার, রামগতি, লক্ষ্মীপুর |
| ৬৯. | দাগনভূঞা পৌরসভা, ফেনী | উপজেলা নির্বাহী অফিসার, দাগনভূঞা, ফেনী |
| ৭০. | সোনাগাজী পৌরসভা, ফেনী | উপজেলা নির্বাহী অফিসার, সোনাগাজী, ফেনী |
| ৭১. | ছাগলনাইয়া পৌরসভা, ফেনী | উপজেলা নির্বাহী অফিসার, ছাগলনাইয়া, ফেনী |
| ৭২. | পটিয়া পৌরসভা, চট্টগ্রাম | উপজেলা নির্বাহী অফিসার, পটিয়া, চট্টগ্রাম |

| ক্রমিক | পৌরসভার নাম | প্রশাসকের নাম/পদবি |
|---|---|---|
| ৭৩. | বারইয়ারহাট পৌরসভা, চট্টগ্রাম | উপজেলা নির্বাহী অফিসার, মিরসরাই, চট্টগ্রাম |
| ৭৪. | সীতাকুন্ড পৌরসভা, চট্টগ্রাম | উপজেলা নির্বাহী অফিসার, সীতাকুন্ড, চট্টগ্রাম |
| ৭৫. | সাতকানিয়া পৌরসভা, চট্টগ্রাম | উপজেলা নির্বাহী অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম |
| ৭৬. | বাঁশখালী পৌরসভা, চট্টগ্রাম | উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম |
| ৭৭. | চন্দনাইশ পৌরসভা, চট্টগ্রাম | উপজেলা নির্বাহী অফিসার, চন্দনাইশ, চট্টগ্রাম |
| ৭৮. | ফটিকছড়ি পৌরসভা, চট্টগ্রাম | উপজেলা নির্বাহী অফিসার, ফটিকছড়ি, চট্টগ্রাম |
| ৭৯. | নাজিরহাট পৌরসভা, চট্টগ্রাম | সহকারী কমিশনার (ভূমি), ফটিকছড়ি, চট্টগ্রাম |
| ৮০. | দোহাজারী পৌরসভা, চট্টগ্রাম | সহকারী কমিশনার (ভূমি), চন্দনাইশ, চট্টগ্রাম |
| ৮১. | চকরিয়া পৌরসভা, কক্সবাজার | উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া, কক্সবাজার |
| ৮২. | টেকনাফ পৌরসভা, কক্সবাজার | উপজেলা নির্বাহী অফিসার, টেকনাফ, কক্সবাজার |
| ৮৩. | মহেশখালী পৌরসভা, কক্সবাজার | উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী, কক্সবাজার |
| ৮৪. | নবীনগর পৌরসভা, ব্রাহ্মণবাড়ীয়া | উপজেলা নির্বাহী অফিসার, নবীনগর, ব্রাহ্মণবাড়ীয়া |
| ৮৫. | আখাউড়া পৌরসভা, ব্রাহ্মণবাড়ীয়া | উপজেলা নির্বাহী অফিসার, আখাউড়া, ব্রাহ্মণবাড়ীয়া |
| ৮৬. | কসবা পৌরসভা, ব্রাহ্মণবাড়ীয়া | উপজেলা নির্বাহী অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়ীয়া |
| ৮৭. | লামা পৌরসভা, বান্দরবান | উপজেলা নির্বাহী অফিসার, লামা, বান্দরবান |
| ৮৮. | রামগড় পৌরসভা, খাগড়াছড়ি | উপজেলা নির্বাহী অফিসার, রামগড়, খাগড়াছড়ি |
| ৮৯. | মাটিরাঙ্গা পৌরসভা, খাগড়াছড়ি | উপজেলা নির্বাহী অফিসার, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি |
| ৯০. | শেরপুর পৌরসভা, বগুড়া | উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর, বগুড়া |
| ৯১. | নন্দীগ্রাম পৌরসভা, বগুড়া | উপজেলা নির্বাহী অফিসার, নন্দীগ্রাম, বগুড়া |
| ৯২. | দুপচাঁচিয়া পৌরসভা, বগুড়া | উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া , বগুড়া |
| ৯৩. | শান্তাহার পৌরসভা, বগুড়া | উপজেলা নির্বাহী অফিসার, আদমদিঘী , বগুড়া |
| ৯৪. | তালোড়া পৌরসভা, বগুড়া | সহকারী কমিশনার (ভূমি) দুপচাঁচিয়া, বগুড়া |
| ৯৫. | ঈশ্বরদী পৌরসভা, পাবনা | উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা |
| ৯৬. | বেড়া পৌরসভা, পাবনা | উপজেলা নির্বাহী অফিসার, বেড়া, পাবনা |
| ৯৭. | সুজানগর পৌরসভা, পাবনা | উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা |
| ৯৮. | শিবগঞ্জ পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ |
| ৯৯. | রহনপুর পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ |
| ১০০. | নাচোল পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ১০১. | শাহজাদপুর পৌরসভা, সিরাজগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ |
| ১০২. | উল্লাপাড়া পৌরসভা, সিরাজগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ |
| ১০৩. | বেলকুচি পৌরসভা, সিরাজগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ |
| ১০৪. | কাজিপুর পৌরসভা, সিরাজগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ |
| ১০৫. | পাঁচবিবি পৌরসভা, জয়পুরহাট | উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি, জয়পুরহাট |
| ১০৬. | আক্কেলপুর পৌরসভা, জয়পুরহাট | উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট |
| ১০৭. | কালাই পৌরসভা, জয়পুরহাট | উপজেলা নির্বাহী অফিসার, কালাই, জয়পুরহাট |
| ১০৮ | গুরুদাসপুর পৌরসভা, নাটোর | উপজেলা নির্বাহী অফিসার, গুরুদাসপুর, নাটোর |
| ১০৯. | সিংড়া পৌরসভা, নাটোর | উপজেলা নির্বাহী অফিসার, সিংড়া, নাটোর |
| ১১০. | বনপাড়া পৌরসভা, নাটোর | সহকারী কমিশনার (ভূমি), বড়াইগ্রাম, নাটোর |
| ১১১. | বড়াইগ্রাম পৌরসভা, নাটোর | উপজেলা নির্বাহী অফিসার, রড়াইগ্রাম, নাটোর |

| ক্রমিক | পৌরসভার নাম | প্রশাসকের নাম/পদবি |
|---|---|---|
| ১১২. | গোপালপুর পৌরসভা, নাটোর | উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর |
| ১১৩. | নজিপুর পৌরসভা, নওগাঁ | উপজেলা নির্বাহী অফিসার, পত্নীতলা, নওগাঁ |
| ১১৪. | ধামইরহাট পৌরসভা, নওগাঁ | উপজেলা নির্বাহী অফিসার, ধামইরহাট, নওগাঁ |
| ১১৫. | গোদাগাড়ী পৌরসভা, রাজশাহী | উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী |
| ১১৬. | তাহেরপুর পৌরসভা, রাজশাহী | উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা, রাজশাহী |
| ১১৭. | নওহাটা পৌরসভা, রাজশাহী | উপজেলা নির্বাহী অফিসার, পবা, রাজশাহী |
| ১১৮. | কাঁকনহাট পৌরসভা, রাজশাহী | সহকারী কমিশনার (ভূমি), গোদাগাড়ী, রাজশাহী |
| ১১৯. | বাঘা পৌরসভা, রাজশাহী | উপজেলা নির্নাহী অফিসার, বাঘা, রাজশাহী |
| ১২০. | চারঘাট পৌরসভা, রাজশাহী | উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট, রাজশাহী |
| ১২১. | তানোর পৌরসভা, রাজশাহী | উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহী |
| ১২২. | বদরগঞ্জ পৌরসভা, রংপুর | উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর |
| ১২৩ | পীরগঞ্জ পৌরসভা, রংপুর | উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, রংপুর |
| ১২৪. | গোবিন্দগঞ্জ পৌরসভা, গাইবান্ধা | উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা |
| ১২৫. | সুন্দরগঞ্জ পৌরসভা, গাইবান্ধা | উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ১২৬. | সেতাবগঞ্জ পৌরসভা, দিনাজপুর | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর |
| ১২৭. | বিরামপুর পৌরসভা, দিনাজপুর | উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর |
| ১২৮. | পীরগঞ্জ পৌরসভা, ঠাকুরগাঁও | উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও |
| ১২৯. | সৈয়দপুর পৌরসভা, নীলফামারী | উপজেলা নির্বাহী অফিসার, সৈয়দপুর, নীলফামারী |
| ১৩০. | জলঢাকা পৌরসভা, নীলফামারী | উপজেলা নির্বাহী অফিসার, জলঢাকা, নীলফামারী |
| ১৩১. | নাগেশ্বরী পৌরসভা, কুড়িগ্রাম | উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম |
| ১৩২. | বোদা পৌরসভা, পঞ্চগড় | উপজেলা নির্বাহী অফিসার, বোদা, পঞ্চগড় |
| ১৩৩. | পাটগ্রাম পৌরসভা, লালমনিরহাট | উপজেলা নির্বাহী অফিসার, পাটগ্রাম, লালমনিরহাট |
| ১৩৪. | পাইকগাছা পৌরসভা, খুলনা | উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা, খুলনা |
| ১৩৫. | চালনা পৌরসভা, খুলনা | উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা |
| ১৩৬. | নওয়াপাড়া পৌরসভা, যশোর | উপজেলা নির্বাহী অফিসার, অভয়নগর, যশোর |
| ১৩৭. | কেশবপুর পৌরসভা, যশোর | উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর |
| ১৩৮. | বেনাপোল পৌরসভা, যশোর | উপজেলা নির্বাহী অফিসার, বেনাপোল, যশোর |
| ১৩৯. | মনিরামপুর পৌরসভা, যশোর | উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর, যশোর |
| ১৪০. | কোটচাঁদপুর পৌরসভা, ঝিনাইদহ | উপজেলা নির্বাহী অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ |
| ১৪১. | মহেশপুর পৌরসভা, ঝিনাইদহ | উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর, ঝিনাইদহ |
| ১৪২. | কালীগঞ্জ পৌরসভা, ঝিনাইদহ | উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, ঝিনাইদহ |
| ১৪৩. | শৈলকুপা পৌরসভা, ঝিনাইদহ | উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ |
| ১৪৪. | আলমডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা | উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা |
| ১৪৫. | কলারোয়া পৌরসভা, সাতক্ষীরা | উপজেলা নির্বাহী অফিসার, কলারোয়া, সাতক্ষীরা |
| ১৪৬. | কুমারখালী পৌরসভা, কুষ্টিয়া | উপজেলা নির্বাহী অফিসার, কুমারখালী, কুষ্টিয়া |
| ১৪৭. | ভেড়ামারা পৌরসভা, কুষ্টিয়া | উপজেলা নির্বাহী অফিসার, ভেড়ামারা, কুষ্টিয়া |
| ১৪৮. | মিরপুর পৌরসভা, কুষ্টিয়া | উপজেলা নির্বাহী অফিসার, মিরপুর, কুষ্টিয়া |
| ১৪৯. | মোংলাপোর্ট পৌরসভা, বাগেরহাট | উপজেলা নির্বাহী অফিসার, মোংলা, বাগেরহাট |
| ১৫০. | মোড়েলগঞ্জ পৌরসভা, বাগেরহাট | উপজেলা নির্বাহী অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট |

| ক্রমিক | পৌরসভার নাম | প্রশাসকের নাম/পদবি |
|---|---|---|
| ১৫১. | কালিয়া পৌরসভা, নড়াইল | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল |
| ১৫২. | গাংনী পৌরসভা, মেহেরপুর | উপজেলা নির্বাহী অফিসার, গাংনী, মেহেরপুর |
| ১৫৩. | মঠবাড়ীয়া পৌরসভা, পিরোজপুর | উপজেলা নির্বাহী অফিসার, মঠবাড়ীয়া, পিরোজপুর |
| ১৫৪. | স্বরূপকাঠী পৌরসভা, পিরোজপুর | উপজেলা নির্বাহী অফিসার, স্বরূপকাঠী, পিরোজপুর |
| ১৫৫. | ভান্ডারিয়া পৌরসভা, পিরোজপুর | উপজেলা নির্বাহী অফিসার, ভান্ডারিয়া, পিরোজপুর |
| ১৫৬. | নলছিটি পৌরসভা, ঝালকাঠি | উপজেলা নির্বাহী অফিসার, নলছিটি, ঝালকাঠি |
| ১৫৭. | আমতলী পৌরসভা, বরগুনা | উপজেলা নির্বাহী অফিসার, আমতলী, বরগুনা |
| ১৫৮. | বেতাগী পৌরসভা, বরগুনা | উপজেলা নির্বাহী অফিসার, বেতাগী, বরগুনা |
| ১৫৯. | পাথরঘাটা পৌরসভা, বরগুনা | উপজেলা নির্বাহী অফিসার, পাথরঘাটা, বরগুনা |
| ১৬০. | গলাচিপা পৌরসভা, পটুয়াখালী | উপজেলা নির্বাহী অফিসার, গলাচিপা, পটুয়াখালী |
| ১৬১. | কলাপাড়া পৌরসভা, পটুয়াখালী | উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া, পটুয়াখালী |
| ১৬২. | বাউফল পৌরসভা, পটুয়াখালী | উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী |
| ১৬৩. | কুয়াকাটা পৌরসভা, পটুয়াখালী | সহকারী কমিশনার (ভূমি), কলাপাড়া, পটুয়াখালী |
| ১৬৪. | লালমোহন পৌরসভা, ভোলা | উপজেলা নির্বাহী অফিসার, লালমোহন, ভোলা |
| ১৬৫. | চরফ্যাশন পৌরসভা, ভোলা | উপজেলা নির্বাহী অফিসার, চরফ্যাশন, ভোলা |
| ১৬৬. | দৌলতখান পৌরসভা, ভোলা | উপজেলা নির্বাহী অফিসার, দৌলতখান, ভোলা |
| ১৬৭. | গৌরনদী পৌরসভা, বরিশাল | উপজেলা নির্বাহী অফিসার, গৌরনদী, বরিশাল |
| ১৬৮. | মুলাদী পৌরসভা, বরিশাল | উপজেলা নির্বাহী অফিসার, মুলাদী, বরিশাল |
| ১৬৯. | বাকেরগঞ্জ পৌরসভা, বরিশাল | উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল |
| ১৭০. | মেহেন্দীগঞ্জ পৌরসভা, বরিশাল | উপজেলা নির্বাহী অফিসার, মেহেন্দীগঞ্জ, বরিশাল |
| ১৭১. | মাধবপুর পৌরসভা, হবিগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, মাধবপুর, হবিগঞ্জ |
| ১৭২. | শায়েস্তাগঞ্জ পৌরসভা, হবিগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ |
| ১৭৩. | নবীগঞ্জ পৌরসভা, হবিগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ |
| ১৭৪. | চুনারুঘাট পৌরসভা, হবিগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, চুনারুঘাট, হবিগঞ্জ |
| ১৭৫. | শ্রীমঙ্গল পৌরসভা, মোলভীবাজার | উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| ১৭৬. | কুলাউড়া পৌরসভা, মৌলভীবাজার | উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া, মৌলভীবাজার |
| ১৭৭. | কমলগঞ্জ পৌরসভা, মৌলভীবাজার | উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ, মৌলভীবাজার |
| ১৭৮. | ছাতক পৌরসভা, সুনামগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, ছাতক, সুনামগঞ্জ |
| ১৭৯. | জগন্নাথপুর পৌরসভা, সুনামগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ |
| ১৮০. | গোলাপগঞ্জ পৌরসভা, সিলেট | উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ, সিলেট |
| ১৮১. | বিয়ানীবাজার পৌরসভা, সিলেট | উপজেলা নির্বাহী অফিসার, বিয়ানীবাজার, সিলেট |
| ১৮২. | কানাইঘাট, পৌরসভা, সিলেট | উপজেলা নির্বাহী অফিসার, কানাইঘাট, সিলেট |

২। নিয়োগকৃত প্রশাসকগণ স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ এর ধারা ৪২(ক) এর উপ-ধারা (৩) মোতাবেক পৌরসভার মেয়র-এর ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন।

৩। নিয়োগকৃত প্রশাসকগণ নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে এ দায়িত্ব পালন করবেন। দায়িত্ব পালনকালীন তারা বিধি মোতাবেক দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন। এছাড়া, অন্য কোনো আর্থিক ও অন্যান্য সুবিধা প্রাপ্য হবেন না।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. মাহবুব আলম**
উপসচিব।

**জেলা পরিষদ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১১ আশ্বিন, ১৪৩১/২৬ সেপ্টেম্বর, ২০২৪

নং **৪৬.০৪২.০৩৩.০৩.০০.১৪৭.২০১১.১৪৪৪**—সরকার এতদ্দ্বারা 'জেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪'-এর ধারা ২ দ্বারা সন্নিবেশিত ১০খ ধারা প্রয়োগ করে নিম্নবর্ণিত ৬১টি জেলা পরিষদের (পার্বত্য ৩টি জেলা ব্যতীত) সকল সদস্য-কে স্ব স্ব সদস্য পদ হতে অপসারণ করলো :

| ক্রমিক | পদবি ও জেলা পরিষদ | জেলা | বিভাগ |
|---|---|---|---|
| ১. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, ঢাকা | ঢাকা | ঢাকা |
| ২. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, গাজীপুর | গাজীপুর | |
| ৩. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, মানিকগঞ্জ | মানিকগঞ্জ | |
| ৪. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, মুন্সীগঞ্জ | মুন্সীগঞ্জ | |
| ৫. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ | |
| ৬. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, নরসিংদী | নরসিংদী | |
| ৭. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, ফরিদপুর | ফরিদপুর | |
| ৮. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, রাজবাড়ী | রাজবাড়ী | |
| ৯. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, গোপালগঞ্জ | গোপালগঞ্জ | |
| ১০. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, শরীয়তপুর | শরীয়তপুর | |
| ১১. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, মাদারীপুর | মাদারীপুর | |
| ১২. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ | |
| ১৩. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, টাঙ্গাইল | টাঙ্গাইল | |
| ১৪. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, ময়মনসিংহ | ময়মনসিংহ | ময়মনসিংহ |
| ১৫. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, জামালপুর | জামালপুর | |
| ১৬. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, শেরপুর | শেরপুর | |
| ১৭. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, নেত্রকোণা | নেত্রকোণা | |
| ১৮. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, চট্টগ্রাম | চট্টগ্রাম | চট্টগ্রাম |
| ১৯. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, কক্সবাজার | কক্সবাজার | |
| ২০. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া | ব্রাহ্মণবাড়িয়া | |
| ২১. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, চাঁদপুর | চাঁদপুর | |
| ২২. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, কুমিল্লা | কুমিল্লা | |
| ২৩. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, ফেনী | ফেনী | |
| ২৪. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, লক্ষ্মীপুর | লক্ষ্মীপুর | |
| ২৫. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, নোয়াখালী | নোয়াখালী | |
| ২৬. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, রাজশাহী | রাজশাহী | রাজশাহী |
| ২৭. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, নাটোর | নাটোর | |
| ২৮. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ | চাঁপাইনবাবগঞ্জ | |
| ২৯. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, নওগাঁ | নওগাঁ | |
| ৩০. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, বগুড়া | বগুড়া | |
| ৩১. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, জয়পুরহাট | জয়পুরহাট | |
| ৩২. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, পাবনা | পাবনা | |
| ৩৩. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ | |
| ৩৪. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, রংপুর | রংপুর | রংপুর |
| ৩৫. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও | |
| ৩৬. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, গাইবান্ধা | গাইবান্ধা | |
| ৩৭. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, কুড়িগ্রাম | কুড়িগ্রাম | |
| ৩৮. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, লালমনিরহাট | লালমনিরহাট | |
| ৩৯. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, নীলফামারী | নীলফামারী | |
| ৪০. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, পঞ্চগড় | পঞ্চগড় | |
| ৪১. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, দিনাজপুর | দিনাজপুর | |

| ক্রমিক | পদবি ও জেলা পরিষদ | জেলা | বিভাগ |
|---|---|---|---|
| ৪২. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, খুলনা | খুলনা | খুলনা |
| ৪৩. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, বাগেরহাট | বাগেরহাট | |
| ৪৪. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, সাতক্ষীরা | সাতক্ষীরা | |
| ৪৫. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, যশোর | যশোর | |
| ৪৬. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, ঝিনাইদহ | ঝিনাইদহ | |
| ৪৭. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, মাগুরা | মাগুরা | |
| ৪৮. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, নড়াইল | নড়াইল | |
| ৪৯. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, চুয়াডাঙ্গা | চুয়াডাঙ্গা | |
| ৫০. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, কুষ্টিয়া | কুষ্টিয়া | |
| ৫১. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, মেহেরপুর | মেহেরপুর | |
| ৫২. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, বরিশাল | বরিশাল | বরিশাল |
| ৫৩. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, ভোলা | ভোলা | |
| ৫৪. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, ঝালকাঠী | ঝালকাঠী | |
| ৫৫. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, পিরোজপুর | পিরোজপুর | |
| ৫৬. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, বরগুনা | বরগুনা | |
| ৫৭. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, পটুয়াখালী | পটুয়াখালী | |
| ৫৮. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, সিলেট | সিলেট | সিলেট |
| ৫৯. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, হবিগঞ্জ | হবিগঞ্জ | |
| ৬০. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, মৌলভীবাজার | মৌলভীবাজার | |
| ৬১. | সদস্য ও মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, সুনামগঞ্জ | সুনামগঞ্জ | |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৬.০৪২.০৩৩.০৩.০০.১৪৭.২০১১.১৪৪৫—পুনরাদেশ না দেয়া পর্যন্ত জেলা পরিষদের সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য 'জেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪'-এর ধারা ৩ দ্বারা সন্নিবেশিত ৮২ক(২) ধারা মোতাবেক প্রশাসক, জেলা পরিষদ-এর কর্মসম্পাদনে সহায়তা প্রদানের লক্ষ্যে সরকার নিম্নরূপভাবে কমিটি গঠন করলো :

**সভাপতি**

১. প্রশাসক, জেলা পরিষদ

**সদস্যবৃন্দ**

২. উপপরিচালক, স্থানীয় সরকার, সংশ্লিষ্ট জেলা
৩. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা
৪. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা
৫. উপপরিচালক, সমাজসেবা, সংশ্লিষ্ট জেলা
৬. জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট জেলা
৭. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট জেলা
৮. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা
৯. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা
১০. নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা পরিষদ
১১. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
১২. সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট জেলা পরিষদ

**সদস্য-সচিব**

১৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা পরিষদ

২। কমিটির কার্যপরিধি :

(ক) উক্ত কমিটির সদস্যগণ জেলা পরিষদ সদস্যের ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন।

(খ) জেলা পরিষদের অধিক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে উক্ত কমিটির সুপারিশ এবং স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে।

৩। ন্যূনতম ৫০% সদস্যের উপস্থিতিতে কোরাম গঠিত হবে; যদি কোনো সভায় কোরাম না হয়, তাহলে ঐ সভার সভাপতি এরূপ সভা মুলতবী করবেন অথবা যুক্তিসংগত সময় পর্যন্ত অপেক্ষা করে প্রয়োজনীয় কোরাম হলে সভা পরিচালনা করবেন।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হাবিবুর রহমান**
উপসচিব।

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ/২২ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৪০/২০২৪/কাস্টমস/৪০১** ।—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজর্স্ব বোর্ড ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস প্রতিষ্ঠান মেসার্স এইচ কবির এন্ড কোং লিঃ, (বন্ড লাইসেন্স নং-০৩/পিবিডব্লিউ/১৯৭৮, তারিখ: ৩১-০৮-১৯৭৮ খ্রিঃ) এর অনুকূলে ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপে নির্ধারণ করিল, যথা :

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম | নির্ধারিত আমদানি প্রাপ্যতার পরিমাণ (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১. | মেসার্স এইচ কবির এন্ড কোং লিঃ | ১০,৪০,০০০.০০<br>মার্কিন ডলার (দশ লক্ষ চল্লিশ হাজার মার্কিন ডলার) |

**এইচ, এম আহসানুল কবীর**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ/২৩ সেপ্টেম্বর, ২০২৪ খ্রি.

নং **৪১/২০২৪/কাস্টমস/৪০২** ।—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজর্স্ব বোর্ড কর্তৃক চট্টগ্রাম সমুদ্র বন্দরে অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড (বন্ড লাইসেন্স নং-৫(১৩)কাবক/চট্টঃ/বন্ড(শীপ স্টোরস)/লাইঃ/১৮/২০১৮, তারিখ: ০২-১২-২০১৮ খ্রিঃ) নামীয় শুল্কমুক্ত বিপণীর অনুকূলে ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত আমদানি প্রাপ্যতা নির্ধারণ করিল, যথা :

| ক্র. নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| 01 | Ships Store Items | ১,৫৫,০০০.০০ |
| 02 | Cigarettes & Tobacco | ১,০৫,০০০.০০ |
| 03 | Alcoholic Beverage (Liquor, Beer, Wine) | ২৫,০০০.০০ |
| 04 | Cosmetic and Toiletries | ৫,০০০.০০ |
| 05 | Beverage (Non-alcoholic), Confectionery, Electronics, Gift Item | ৫,০০০.০০ |
| | মোট | ২,৯৫,০০০.০০<br>(দুই লক্ষ পঁচানব্বই হাজার মার্কিন ডলার) |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**এইচ, এম আহসানুল কবীর**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

---

**খাদ্য মন্ত্রণালয়**
**সামাজিক প্রবেশাধিকার শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৮ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/২৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **১৩.০০.০০০০.০৭১.০৬.০০১.২১.৯৬**—মন্ত্রিপরিষদ বিভাগের ০৪ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৪.২৪.১৫৫ নম্বর স্মারকের জারীকৃত প্রজ্ঞাপনে খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটি (এফপিএমসি) গঠন করা হয়েছে।

২। উক্ত কমিটির সভাপতি হিসেবে মাননীয় প্রধান উপদেষ্টা মাননীয় অর্থ উপদেষ্টাকে মনোনয়ন প্রদান করেছেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদুল আলম** এনডিসি
মহাপরিচালক।

## প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
## বিদ্যালয়-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৪ আশ্বিন ১৪৩১/২৯ সেপ্টেম্বর ২০২৪

নং **৩৮.০০.০০০০.০০৭.১৫.০১৬.২০২৪-১৯৯**—প্রাথমিক বিদ্যালয় অধিগ্রহণ আইন, ১৯৭৪ এর ৩(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের পুনর্বাসন এলাকায় (মুন্সিগঞ্জ, শরীয়তপুর, মাদারীপুর জেলা) স্থাপিত নিম্নবর্ণিত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ আদেশ জারীর তারিখ হইতে সরকারি নিয়ন্ত্রণে আনয়ন করা হইল।

| ক্রমিক নং | জেলা | উপজেলা | বিদ্যালয়ের নাম |
|---|---|---|---|
| ১. | মুন্সিগঞ্জ | লৌহজং | যশলদিয়া পদ্মা সেতু প্রাথমিক বিদ্যালয় |
| ২. | মুন্সিগঞ্জ | লৌহজং | কুমারভোগ পদ্মা সেতু প্রাথমিক বিদ্যালয় |
| ৩. | শরীয়তপুর | জাজিরা | নাওডোবা পদ্মা সেতু প্রাথমিক বিদ্যালয় |
| ৪. | মাদারীপুর | শিবচর | বাখরেরকান্দি পদ্মা সেতু প্রাথমিক বিদ্যালয় |

(ক) অধিগ্রহণের পরিপ্রেক্ষিতে বিদ্যালয়সমূহের জমি, গৃহ, নগদ তহবিলসহ যাবতীয় সম্পদ সরকারের অনুকূলে হস্তান্তরিত ও ন্যস্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(খ) বিদ্যালয়সমূহ বর্তমান পরিচালনা কমিটি বিলুপ্ত হইবে এবং তদ্‌স্থলে সরকারি সিদ্ধান্তের আলোকে নতুন পরিচালনা কমিটি গঠন করা হইবে।

(গ) বিদ্যলয়সমূহের জন্য বিধি মোতাবেক প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক/শিক্ষিকার পদ সৃষ্টি করা হইবে এবং সে অনুযায়ী পদ সৃষ্টির পর প্রযোজ্য আনুষ্ঠানিকতা শেষে শিক্ষক/শিক্ষিকাদের সরকারি চাকরিতে নিয়ুক্ত করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
উপসচিব।

---

## সমন্বয় ও মনিটরিং শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৫ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/৩০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৩৮.০০.০০০০.০০৫.৯৯.০০১.১৮-২১৪**—প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষার মানোন্নয়ন, প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থাপনা ও কাঠামোগত উন্নয়ন এবং শিখন-শেখানো কার্যক্রমের উৎকর্ষ সাধনের নিমিত্ত প্রয়োজনীয় সুপারিশ প্রণয়নের লক্ষ্যে বিশিষ্ট শিক্ষাবিদ, বিশেষজ্ঞ এবং প্রাথমিক শিক্ষাসংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সমন্বয়ে নিম্নরূপ একটি কনসালটেশন কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

১. ড. মনজুর আহমেদ
ইমেরিটাস অধ্যাপক, ব্র্যাক বিশ্ববিদ্যালয়

**সদস্যবৃন্দ**

২. জনাব খোন্দকার মো. আসাদুজ্জামান
প্রাক্তন সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও প্রাক্তন মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

৩. জনাব মোঃ রফিকুজ্জামান, রেজিস্ট্রার, বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন এন্ড টেকনোলজি ও প্রাক্তন মহাপরিচালক (অতিরিক্ত সচিব), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।

৪. জনাব চৌধুরী মুফাদ আহমেদ, প্রাক্তন অতিরিক্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও প্রাক্তন যুগ্ম-প্রোগ্রাম পরিচালক, পিইডিপি-২, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

৫. বেগম সামসি হাসান
পরিচালক (শিক্ষা), গণসাহায্য সংস্থা

৬. ড. ইরাম মারিয়াম
ব্যবস্থাপনা পরিচালক, ব্র্যাক শিক্ষা উন্নয়ন ইনস্টিটিউট, ব্র্যাক বিশ্ববিদ্যালয়

৭. ড. মোহাম্মদ মাহবুব মোরশেদ
সহযোগী অধ্যাপক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়

৮. জনাব মোঃ নূরুল আলম
সাবেক প্রধান শিক্ষক, শিবরাম আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়

**সদস্য-সচিব**

৯. যুগ্মসচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

**কমিটির কার্যপরিধি :**

ক. **কমিটির কার্যপরিধি নিম্নরূপ :**

১. প্রাথমিক শিক্ষায় বিদ্যমান শিখন- শেখানো কার্যক্রম, প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম, গবেষণা এবং সামগ্রিক ব্যবস্থাপনা কাঠামো পর্যালোচনা;

২. প্রাথমিক শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন অংশীজনদের সাথে মতবিনিময়পূর্বক প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা কাঠামোর সময়ভিত্তি প্রয়োজনীয় সংস্কারের চাহিদা নিরূপণ;

৩. প্রাথমিক শিক্ষায় শিখন- শেখানো কার্যক্রম, প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম, গবেষণা এবং ব্যবস্থাপনা কাঠামোর টেকসই মানোন্নয়ন ও উৎকর্ষ সাধনের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

৪. উপানুষ্ঠানিক শিক্ষা ও অনানুষ্ঠানিক শিক্ষায় বিদ্যমান কার্যক্রম ও ব্যবস্থাপনা কাঠামো পর্যালোচনা এবং উৎকর্ষ সাধনের নিমিত্ত সুপারিশ প্রণয়ন;

খ. কমিটি কার্য সম্পাদনের ক্ষেত্রে মতামত ও পরামর্শ গ্রহণের প্রয়োজনে কোনো বিশেষজ্ঞ, শিক্ষাবিদ বা প্রাথমিক শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট কোনো কর্মকর্তা-কর্মচারী/শিক্ষক/সংশ্লিষ্ট ব্যক্তিকে সভায় আমন্ত্রণ জানাতে পারবে, ঢাকায় বা ঢাকার বাইরে কর্মশালা আয়োজন করতে পারবে এবং প্রয়োজনে প্রাথমিক শিক্ষা ও উপানুষ্ঠানিক শিক্ষা-সংশ্লিষ্ট যে কোনো প্রতিষ্ঠান পরিদর্শন করতে পারবে;

গ. প্রজ্ঞাপন জারির তিন মাসের মধ্যে কমিটি কার্যক্রম সম্পন্ন করবে এবং বাস্তবসম্মত সুপারিশসহ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করবে;

ঘ. কোনো কর্মশালা/সেমিনার/সভা আয়োজন করা বা কোনো প্রতিষ্ঠান পরিদর্শনের প্রয়োজন হলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এ ছাড়া প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এ কমিটিকে প্রয়োজনীয় লজিস্টিক ও সাচিবিক সহায়তা প্রদান করবে।

ঙ. কনসালটেশন কমিটি সরকারি সিদ্ধান্ত মোতাবেক সম্মানী প্রাপ্য হবেন।

**মরিয়ম বেগম**
উপসচিব।

---

**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/১৭ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৩৮.০০.০০০০.০০৪.০৪.০১০.২১-৫২৬**—যেহেতু, জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা শিক্ষা অফিসার (চ:দা;), তেঁতুলিয়া, পঞ্চগড় [সাবেক উপজেলা শিক্ষা অফিসার (চ:দা:), পার্বতীপুর, দিনাজপুর]- এর বিরুদ্ধে তার ১ম স্ত্রীর অনুমতি ছাড়াই ১৭-১২-২০১৭ তারিখে বেগম সাফায়েত রাব্বানী নাজমাকে ২য় বিয়ে করা এবং পরবর্তীতে তাকে কোনরূপ দেনমোহর পরিশোধ না করে তালাক দেয়া ও তাদের পুত্র সন্তানকে তার সকল স্থাবর-অস্থাবর সম্পত্তি হতে বঞ্চিত করার অভিযোগসমূহ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়। তার এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের পর্যায়ভুক্ত অপরাধ বিধায় উক্ত অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক ৩১ মে ২০২১ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত মার্চ ২০২০ থেকে ২য় স্ত্রী জনাব সাফায়েত রাব্বানী (নাজমা) ও তার পুত্র সন্তানকে কোনো ভরণ-পোষণ প্রদান না করা এবং ২য় স্ত্রীর প্রাপ্য দেনমোহর পরিশোধ ছাড়াই তাকে তালাক প্রদান করার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত কর্মকর্তা মতামত প্রদান করেছেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট সকল দালিলিক তথ্য-প্রমাণাদি পর্যালোচনায় মার্চ ২০২০ থেকে ২য় স্ত্রী জনাব সাফায়েত রাব্বানী (নাজমা) ও তার পুত্র সন্তানকে কোনো ভরণ-পোষণ প্রদান না করা এবং ২য় স্ত্রীর প্রাপ্য দেনমোহর পরিশোধ ছাড়াই তাকে তালাক প্রদান করার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে যা অসদাচরণের পর্যায়ভুক্ত অপরাধ। সার্বিক বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা শিক্ষা অফিসার (চ:দা;), তেঁতুলিয়া, পঞ্চগড় [সাবেক উপজেলা শিক্ষা অফিসার (চ:দা:), পার্বতীপুর, দিনাজপুর]-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪(২)(ক) মোতাবেক "তিরস্কার (Censure)" দণ্ড প্রদান করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ফরিদ আহাম্মদ**
সচিব।

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**পর্যটন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ আশ্বিন ১৪৩১/২৯ সেপ্টেম্বর ২০২৪

নং **৩০.০০.০০০০.০১৫.১১.০২৪.২০০৩ (অংশ)-১৩৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল)-এর পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো :

**চেয়ারম্যান**

০১.　মিজ নাসরীন জাহান, সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

**পরিচালকবৃন্দ**

০২.　ড. মোঃ মোখলেস উর রহমান, সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

০৩.　ড. মোহাম্মদ আবদুল মোমেন, সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ

০৪.　জনাব মোঃ শাহরিয়ার কাদের ছিদ্দিকী, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

০৫.　জনাব মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ, সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড

০৬.　জনাব মোঃ জসীম উদ্দিন, পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

০৭.　জনাব একেএম আফতাব হোসেন প্রামাণিক, চেয়ারম্যান (গ্রেড-১), বাংলাদেশ পর্যটন করপোরেশন

০৮.　এয়ার ভাইস মার্শাল মোঃ মঞ্জুর কবীর ভূঁইয়া, বিইউপি, এনডিসি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি, চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

০৯.　মিজ ফাতেমা রহিম ভীনা, অতিরিক্ত সচিব, পর্যটন অনুবিভাগ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

১০.　মিজ বিলকিস জাহান রিমি, অতিরিক্ত সচিব, ব্যয় ব্যবস্থাপনা ও অভ্যন্তরীণ নিরীক্ষা, অর্থ বিভাগ

১১.　জনাব মোহাম্মদ আতিকুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ সাইফুল ইসলাম মন্ডল**
উপসচিব।

---

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**
**টেলিভিশন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ আশ্বিন ১৪৩১/১৯ সেপ্টেম্বর ২০২৪

নং **১৫.০০.০০০০.০২৩.৩১.২৮৩.২৪-২৮০**—বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের জনাব শুভ দে, চিত্রগ্রাহক (গ্রেড-২) সরকারি চাকরি আইন, ২০১৮ এর "৩৯(২)" ধারা মোতাবেক চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। তিনি প্রচালিত বিধি মোতাবেক খোরপোষ ভাতা (Sustainable Allowance) প্রাপ্য হবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ০৯-০৬-২০২৪ তারিখ হতে সাময়িক বরখাস্তের আদেশ কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: নজরুল ইসলাম**
অতিরিক্ত সচিব
সচিবের রুটিন দায়িত্বে।

**[একই নম্বর ও একই তারিখের প্রতিস্থাপিত]**

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ আশ্বিন ১৪৩১/১৯ সেপ্টেম্বর ২০২৪

নং **৪৩.০০.০০০০.১১৫.০৬.০০১.১৮.৯৭**—কবি নজরুল ইনস্টিটিউট ট্রাস্টি বোর্ড সংক্রান্ত সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ৪৩.০০.০০০০.১১৫.০৬.০০১.১৮.৭০, তারিখ : ১৩ জুন ২০২২ সংশোধনপূর্বক কবি নজরুল ইনস্টিটিউট আইন, ২০১৮ এর ৬নং ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপভাবে ট্রাস্টি বোর্ড পুনর্গঠন করিল :

**চেয়ারম্যান**

১. জনাব খিলখিল কাজী, সদস্য, কবি পরিবার

**সদস্যবৃন্দ**

২. অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

৩. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর প্রতিনিধি

৪. বেগম আকতার কামাল, অধ্যাপক, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

৫. জনাব ফেরদৌস আরা, বিশিষ্ট নজরুল সঙ্গীত শিল্পী

৬. ড. লীনা তাপসী খান, অধ্যাপক, সংগীত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

৭. জনাব আবদুল হাই শিকদার, বিশিষ্ট কবি ও প্রাবন্ধিক

**সদস্য-সচিব**

৮. নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট

২। ট্রাস্টি বোর্ডের মেয়াদ কবি নজরুল ইনস্টিটিউট আইন, ২০১৮ এর ৬নং ধারা অনুযায়ী বলবৎ থাকিবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লক্ষ্মী রানী ঘোষ**
সহকারী সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ/২৬ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২১.১৭.১২২**—প্রবাসী কল্যাণ ব্যাংক আইন, ২০১০ এর ধারা (১০) (১) (ছ) অনুযায়ী মিজ্ সঞ্চিতা হক, মহাপরিচালক (বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলি), পররাষ্ট্র মন্ত্রণালয়, অন্যত্র বদলি হওয়ায় তাঁর পরিবর্তে মিজ্ ওয়াহিদা আহমেদ, মহাপরিচালক (বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলি) পররাষ্ট্র মন্ত্রণালয়-কে প্রবাসী কল্যাণ ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে তাঁর যোগদানের তারিখ হতে উক্ত মন্ত্রণালয়ে কর্মরত থাকাকালীন [সর্বোচ্চ ০৩ (তিন) বছর] মেয়াদে নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ হেলাল উদ্দিন**
যুগ্মসচিব ।

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ আশ্বিন, ১৪৩১/২৯ সেপ্টেম্বর, ২০২৪

**নং ৫৩.০০.০০০০.৩১১.৪০.০০৩.১৭.১২৬**—আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ১৫ জানুয়ারি ২০২৩ তারিখের প্রজ্ঞাপন নং ৫৩.০০.০০০০. ৩১১.৪০.০০৩.১৭-১৯ এর মাধ্যমে গঠিত বিদেশে পাচারকৃত সম্পদ বাংলাদেশে ফেরত আনা ও ব্যবস্থাপনার লক্ষ্যে গঠিত আন্তঃসংস্থা টাস্কফোর্স সরকার নিম্নরূপে পুনর্গঠন করলেন:

**সভাপতি**

(০১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক

**সদস্যবৃন্দ**

(০২) পররাষ্ট্র মন্ত্রণালয়-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(০৩) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(০৪) আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(০৫) দুর্নীতি দমন কমিশন-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(০৬) অপরাধ তদন্ত বিভাগ, বাংলাদেশ পুলিশ-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(০৭) এটর্নি জেনারেল এর কার্যালয়-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(০৮) কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, জাতীয় রাজস্ব বোর্ড-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(০৯) বিএফআইইউ-এর একজন উপযুক্ত প্রতিনিধি

খ) আলোচ্য টাস্কফোর্স-এর কার্যপরিধি হবে নিম্নরূপ:

- বাংলাদেশ হতে বিদেশে পাচারকৃত অর্থ বা সম্পদ চিহ্নিতকরণ ও তদন্তে সংশ্লিষ্ট পক্ষকে সহযোগিতা প্রদান;
- পাচারকৃত সম্পদ উদ্ধারে দায়েরকৃত মামলাসমূহের কার্যক্রম দ্রুত সম্পন্ন করার ক্ষেত্রে প্রতিবন্ধকতা চিহ্নিত করা ও তা দূরীকরণে উদ্যোগ গ্রহণ;
- বিদেশে পাচারকৃত সম্পদ বাংলাদেশে ফেরত আনার উদ্যোগ গ্রহণ;
- জব্দ বা উদ্ধারকৃত সম্পদের ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;
- এ বিষয়ে সংশ্লিষ্ট দেশি, বিদেশি সংস্থার সাথে যোগাযোগ, তথ্য আহরণ; এবং
- পাচারকৃত সম্পদ উদ্ধারে সংশ্লিষ্ট পক্ষের সক্ষমতা বৃদ্ধি ও অভ্যন্তরীণ সমন্বয় সাধন।

গ) টাস্কফোর্স প্রয়োজনে সরকারি-বেসরকারি কোনো সদস্য কো-অপ্ট করতে পারবে এবং কোনো দেশি-বিদেশি সংস্থার প্রতিনিধি বা বিশেষজ্ঞকে সভায় উপস্থিত হওয়াসহ বিশেষজ্ঞ মতামত/পরামর্শ প্রদানের অনুরোধ করতে পারবে।

ঘ) জনাব মোঃ জাকির হোসেন চৌধুরী, ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক, টাস্কফোর্সের কার্যাবলি সমন্বয় করবেন এবং বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) টাস্কফোর্সকে প্রয়োজনীয় সাচিবিক সহায়হা প্রদান করবে।

ঙ) এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আফছানা বিলকিস**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ**
**প্রশাসন শাখা-২**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং-৫৫.০০.০০০০.১০৮.০০২.০০.১২.২৩০-**—আইন কমিশন আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৯ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (১) ও (২)-এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, সাবেক বিচারপতি জনাব জিনাত আরা-কে নিয়োগের তারিখ হইতে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য আইন কমিশনের চেয়ারম্যান পদে নিয়োগ করিল।

২। উক্ত পদে অধিষ্ঠিত থাকাকালীন তিনি বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপিল বিভাগের বিচারকের প্রাপ্য বেতন, ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্ত হইবেন।

**নং-৫৫.০০.০০০০.১০৮.০০২.০০.১২.২৩১**—আইন কমিশন আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৯ নং আইন) এর ধারা ৫ এর উপ–ধারা (১) ও (২)-এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, সাবেক বিচারপতি জনাব শামীম হাসনাইন-কে নিয়োগের তারিখ হইতে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য আইন কমিশনের সদস্য পদে নিয়োগ করিল।

২। উক্ত পদে অধিষ্ঠিত থাকাকালীন তিনি বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারকের প্রাপ্য বেতন, ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্ত হইবেন।

**নং-৫৫.০০.০০০০.১০৮.০০২.০০.১২.২৩২**—আইন কমিশন আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৯ নং আইন) এর ধারা ৫ এর উপ–ধারা (১) ও (২)-এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, অধ্যাপক ড. নাঈমা হক-কে নিয়োগের তারিখ হইতে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য আইন কমিশনের সদস্য পদে নিয়োগ করিল।

২। উক্ত পদে অধিষ্ঠিত থাকাকালীন তিনি বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারকের প্রাপ্য বেতন, ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্ত হইবেন।

**ড. মোহাম্মদ মহিউদ্দীন**
অতিরিক্ত সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১১ আশ্বিন, ১৪৩১/২৬ সেপ্টেম্বর, ২০২৪

**নং-৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৩০.২২.১৫০৩**—নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার থানার মামলা নং-২১, তারিখ ১৫-০৪-২০২৩ মামলাটি তদন্তের লক্ষ্যে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৮৮ ধারার বিধান মোতাবেক সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং-৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৩০.২২.১৫০৪**—ঢাকা জেলার যাত্রাবাড়ী থানার মামলা নং-২০, তারিখ ০৬-১২-২০২৩ মামলাটি তদন্তের লক্ষ্যে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৮৮ ধারার বিধান মোতাবেক সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ: ১৪ আশ্বিন, ১৪৩১/২৯ সেপ্টেম্বর, ২০২৪

**নং-৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৯.১৫৪৯**—বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনা-এর সুপারিশের প্রেক্ষিতে বরগুনা সদর থানার সাধারণ ডাইরী নম্বর ৫৩৩, তারিখ ১৫-০৮-২০২৪ অনুযায়ী অভিযুক্তের বিরুদ্ধে দণ্ডবিধি, ১৮৬০ এর ১২৪(ক) ধারামতে মামলা দায়েরের লক্ষ্যে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬(ক) ধারার বিধান মোতাবেক সরকারের পূর্বানুমতি (Consent) প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল হাই**
সিনিয়র সহকারী সচিব।

---

**কৃষি মন্ত্রণালয়**
**সম্প্রসারণ-৪ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ সেপ্টেম্বর, ২০২৪ খ্রি.

**নং-১২.০০.০০০০.০৫৫.৯৯.০০৫.২১.১৮২**—কৃষি তথ্য সার্ভিস কর্তৃক বাস্তবায়িত "কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্রের মাধ্যমে ডিজিটাল কৃষি তথ্যের প্রচলন ও গ্রামীন জীবনমান উন্নয়ন" শীর্ষক সমাপ্ত প্রকল্পের ১৪ জন কর্মকর্তা/কর্মচারী কর্তৃক তাদের কৃষি তথ্য সার্ভিসের রাজস্ব খাতের পদে আত্তীকরণের/স্থানান্তরের জন্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-১৪৫৪৭/২০১৬, সিপিএলএ নং-২০৬৪/২০১৭, সিভিল রিভিউ পিটিশন নং-৫০২/২০১৭ ও কনটেম্পট পিটিশন নং-৫৮৮/২০১৮ এর রায়/আদেশ মোতাবেক এবং কৃষি তথ্য সার্ভিস এর ১৫ মে ২০২৪ তারিখের ১২.০৫.০০০০.০১১.১০.০০১.১৯.২০৬১ সংখ্যক স্মারকের সুপারিশমতে নিম্নবর্ণিত ০৩(তিন) জন

কর্মকর্তাকে বর্ণিত প্রকল্পের 'জেলা কৃষি তথ্য ও যোগাযোগ অফিসার' এর সমপদ হিসেবে কৃষি তথ্য সার্ভিসের রাজস্ব খাতের 'আঞ্চলিক কৃষি তথ্য অফিসার', কৃষি তথ্য সার্ভিস পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুসারে টাকা ২২,০০০—৫৩,০৬০ (গ্রেড-৯) বেতনক্রমে নিম্নোক্ত শর্তে নিয়োগের মাধ্যমে আত্তীকরণ করা হলো:

| ক্রম | রীটকারী কর্মকর্তার নাম ও ঠিকানা | নিজ জেলা |
|---|---|---|
| ১. | জনাব অলি সিংহ রায়<br>পিতা-অজয় সিংহ রায়<br>মাতা-শ্যামলী সিংহ রায়<br>গ্রাম-সাগরপাড়া (আলুপট্টি)<br>পোস্ট-ঘোড়ামারা<br>উপজেলা-বোয়ালিয়া,<br>জেলা- রাজশাহী | রাজশাহী |
| ২. | শেখ হাবিবুর রহমান<br>পিতা-মৃত শেখ আনোয়ার আলী<br>মাতা-মোছাঃ হাছিনা বেওয়া<br>গ্রাম-সুরকিমিল<br>থানা-লালমনিরহাট<br>জেলা-লালমনিরহাট | লালমনিরহাট |
| ৩. | মোছাঃ ফরিদা ইয়াছমিন<br>পিতা-মোঃ ফয়জুর রহমান<br>মাতা-আম্বিয়া বেগম<br>গ্রাম-দিলালপুর<br>পোস্ট-দিলালপুর<br>জেলা/থানা-বদরগঞ্জ | রংপুর |

**শর্তাবলি:**

১. নিয়োগকৃত কর্মকর্তা অফিস আদেশ ইস্যুর তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা বরাবর জাতীয় পরিচয়পত্র, প্রকল্পে চাকরির নিয়োগপত্র, প্রকল্পে যোগদানপত্র, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের মূলকপিসহ উপস্থিত হয়ে যোগদানপত্র দাখিল করবেন। উল্লিখিত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে এ আদেশ বাতিল বলে গণ্য হবে;

২. উপরোল্লিখিত সকল কাগজপত্রের সত্যায়িত কপি এবং ২ কপি সদ্য তোলা (৬ মাসের পূর্বের নয়) পাসপোর্ট সাইজের ছবি যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে;

৩. যোগদানের তারিখ থেকে বর্ণিত কর্মকর্তার চাকরিকাল গণনা করা হবে এবং বেতন ভাতাদি প্রাপ্য হবেন; পূর্বের কোনো আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না;

৪. নিয়োগকৃত কর্মকর্তার স্ব পদে যোগদানের তারিখ থেকে জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে। এছাড়াও জ্যেষ্ঠতা সংক্রান্ত বিদ্যমান বিধি-বিধান মোতাবেক নিয়োগকৃত কর্মকর্তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে; চাকরির অন্যান্য বিষয় সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী নির্ধারিত হবে।

**কৃষিই সমৃদ্ধি:**

৫. যোগদানের পর পুলিশ ভেরিফিকেশন করা হবে; উক্ত পুলিশ ভেরিফিকেশনের সন্তোষজনক প্রতিবেদন পাওয়া না গেলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

৬. চাকরিতে যোগদানের সময় জেলা সিভিল সার্জন এর নিকট হতে শারীরিকভাবে সুস্থতার স্বপক্ষে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

৭. কৃষি তথ্য সার্ভিসে সংরক্ষিত শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ ও অন্যান্য তথ্যের সাথে অসঙ্গতি পাওয়া গেলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত কর্মকর্তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

৮. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র স্ব স্ব বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক যাচাইপূর্বক এবং প্রকল্প শুরু থেকে শেষ পর্যন্ত প্রকল্পের সকল মূল ডকুমেন্ট পরীক্ষা সম্পন্ন করে সঠিক পাওয়ার পর বিধিমতে বেতন-ভাতাদি প্রাপ্য হবেন;

৯. প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের ডিপিপি অনুযায়ী বর্ণিত কর্মকর্তা কর্তৃক (প্রযোজ্য ক্ষেত্রে) প্রকল্প থেকে সার্ভিস বেনিফিট উত্তোলন করা হয়ে থাকলে, তাকে সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারের (নির্ধারিত কোডে) ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে;

১০. এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা চাকরি নিয়ন্ত্রিত হবে;

১১. আপিল বিভাগের রায় মোতাবেক ইহা একটি বিশেষ নব নিয়োগ হিসেবে গণ্য হবে।

**শেখ মুর্শিদুল ইসলাম**
উপসচিব।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**

**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১১ আশ্বিন ১৪৩১/২৬ সেপ্টেম্বর ২০২৪

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০৪৩.২৩-১৯৯**—যেহেতু, জনাব মোঃ রোকুনুজ্জামান (১০৯০৫০২১), উপসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রাক্তন জেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ) এর বিরুদ্ধে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত জমি ক্রয় ও ভবন নির্মাণ এবং দাপ্তরিক ক্ষমতার অপব্যবহারের অভিযোগ উত্থাপিত হয়;

যেহেতু, প্রাথমিক অনুসন্ধানে অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী ‘অসদাচরণ’ এর দায়ে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০১/২০২৪ রুজু করে কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানোর লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করেন;

যেহেতু, বিগত ১৭-০৪-২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে তিনি অভিযোগ অস্বীকার করতঃ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রার্থনা করেন;

যেহেতু, ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটির তদন্ত করা হয়; তদন্তে অভিযুক্ত কর্তৃক কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত জমি ক্রয় ও ভবন নির্মাণের সত্যতা পাওয়া যায়; তবে তদন্তে তার দ্বারা দাপ্তরিক ক্ষমতার অপব্যবহারের অভিযোগটি প্রমাণিত হয়নি;

যেহেতু, তিনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে “সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান নীতিমালা” এর আওতায় দরখাস্ত করেছেন এবং তার ভবন নির্মাণের ক্ষেত্রে ঋণের সরকারি মঞ্জুরী পেয়েছেন; এক্ষেত্রে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত জমি ক্রয় ও ভবন নির্মাণের অভিযোগটি নমনীয়ভাবে বিবেচনা করাই যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, সার্বিক বিবেচনায় জনাব মোঃ রোকুনুজ্জামান, উপসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রাক্তন জেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ)-কে ভবিষ্যতের জন্য সতর্ক করে বিভাগীয় মামলায় আনীত ‘অসদাচরণ’ এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। একই সাথে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-০১/২০২৪ মামলাটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০২৯.২৩-২০০**—যেহেতু, জনাব মোঃ সোহেল সামাদ (১০৯০৫০৩১), সিনিয়র সহকারী সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রাক্তন জেলা নির্বাচন অফিসার, শরীয়তপুর) এর বিরুদ্ধে উর্ধ্বতন কর্তৃপক্ষের মৌখিক নির্দেশনা সত্ত্বেও ভোটার ডাটা আপলোড না হওয়ার কারণ অনুসন্ধানে শৈথিল্য প্রদর্শন এবং শরীয়তপুরের গোসাইরহাট পৌরসভা নির্বাচন-২০২৩ এর ফলাফল বিলম্বে ঘোষণার অভিযোগ উত্থাপিত হয়;

যেহেতু, আনীত অভিযোগের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষের নিকট তার ‘অদক্ষতা’ ও ‘অসদাচরণ’ প্রতিভাত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(ক) ও বিধি ৩(খ) অনুযায়ী তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৮/২০২৩ রুজু করে কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানোর লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করেন;

যেহেতু, গত ২১-০৯-২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে আত্মপক্ষ সমর্থনে অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করতঃ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি চেয়েছেন;

যেহেতু, ন্যায় বিচারের স্বার্থে অভিযোগের তদন্ত করা হয়; অভিযুক্ত কর্মকর্তা ভোটার ডাটা আপলোড না হওয়ার কারণ অনুসন্ধানের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা যথাযথভাবে পালন করেননি এবং দু’টি কেন্দ্রের ফলাফল বিলম্বে ঘোষণার যৌক্তিক ব্যাখ্যা দিতে পারেননি মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ রয়েছে;

যেহেতু, তদন্ত প্রতিবেদন ও নথি পর্যালোচনায় ডাটা আপলোড না হওয়ার কারণ যাচাই এবং নির্বাচনের ফলাফল ঘোষণায় কিছুটা বিলম্ব হলেও এতে তার ব্যক্তিগত স্বার্থ, পক্ষপাতদুষ্টতা বা অনৈতিক কোনো উদ্দেশ্য পরিলক্ষিত হয়নি; রেকর্ডপত্রে ইতিপূর্বে তার বিরুদ্ধে কোনো অভিযোগ নেই; তার চাকুরির ভবিষ্যত ও আনুষঙ্গিক বিষয় বিবেচনায় ক্যারিয়ারের এই পর্যায়ে তাকে অধিকতর সতর্কতা ও আন্তরিকতার সাথে কাজ করার একটি সুযোগ প্রদান সমীচীন মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, সামগ্রিক বিবেচনায় জনাব মোঃ সোহেল সামাদ, সিনিয়র সহকারী সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রাক্তন জেলা নির্বাচন অফিসার, শরীয়তপুর)-কে ভবিষ্যতে অধিকতর সতর্কতা, গুরুত্ব ও আন্তরিকতার সাথে সরকারি দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হলো। একই সাথে তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করতঃ বিভাগীয় মামলা নং-০৮/২০২৩ নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**শফিউল আজিম**
সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**জননিরাপত্তা বিভাগ**

**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ আশ্বিন ১৪৩১/৩০ সেপ্টেম্বর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৯৪.১২.০৭৮.২৪-৩০৪**—বিসিএস (পুলিশ) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত তারিখ হতে ধারণাগত জ্যেষ্ঠতা প্রদান করা হলো।

| ক্রম | কর্মকর্তার নাম, বিপি ও পদবি | ডিআইজি পদে জ্যেষ্ঠতা প্রদানের তারিখ |
|---|---|---|
| ১. | জনাব এ কে এম আওলাদ হোসেন (বিপি-৬৮৯৫০০৫৬৭৯) ডিআইজি, ঢাকা রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, ঢাকা | ১৮-১০-২০১৭ |
| ২. | জনাব হাসিব আজিজ (বিপি-৭১৯৫১০৪৮৭৯) পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম | ১৮-১০-২০১৭ |
| ৩. | জনাব গাজী জসীম উদ্দিন (বিপি-৬৮৯৮১০৪৫৩২) ডিআইজি (এইচআরএম), সিআইডি, বাংলাদেশ পুলিশ, ঢাকা | ১৮-১০-২০১৭ |
| ৪. | জনাব মোঃ রেজাউল করিম, পিপিএম সেবা (বিপি-৬৯৯৫০৮৬৭২২) পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট | ১৮-১০-২০১৭ |
| ৫. | জনাব খোন্দকার রফিকুল ইসলাম, পিপিএম (বিপি-৬৮৯৫১০৮১৯৭) পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, গাজীপুর | ১৮-১০-২০১৭ |
| ৬. | জনাব মোঃ মোস্তফা কামাল (বিপি-৭০৯৫০৭০৮৪১) ডিআইজি (পিবিআই), বাংলাদেশ পুলিশ, ঢাকা | ১৮-১০-২০১৭ |
| ৭. | জনাব মোঃ ছিবগাত উল্লাহ, পিপিএম-সেবা (বিপি-৬৭৯৫০১০০৩৬) ডিআইজি, শিল্পাঞ্চল পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা | ১৮-১০-২০১৭ |
| ৮. | জনাব মোঃ মাহবুবুর রহমান (বিপি-৬৬৯৫০২০৭৯৬) ডিআইজি, সিআইডি বাংলাদেশ পুলিশ, ঢাকা | ১৮-১০-২০১৭ |
| ৯. | জনাব জি এম আজিজুর রহমান (বিপি-৭০৯৫১১৯৭০৯) ডিআইজি, এসবি, বাংলাদেশ পুলিশ, ঢাকা | ১৮-১০-২০১৭ |
| ১০. | জনাব মোঃ সরওয়ার, বিপিএম-সেবা (বিপি-৬৭৯৫০৩১৭১৭) ডিআইজি, এসবি, বাংলাদেশ পুলিশ, ঢাকা | ১৮-১০-২০১৭ |
| ১১. | জনাব সরদার নূরুল আমিন (বিপি-৬৯৯৫০৩১১৩২) পরিচালক (ডিআইজি), কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকা | ১৮-১০-২০১৭ |
| ১২. | জনাব মো. মোরশেদ আলম (বিপি-৬৫৯৫০৩৬৭৫৯) ডিআইজি, রেলওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা | ১৮-১০-২০১৭ |
| ১৩. | জনাব মোঃ মোস্তফা কামাল (বিপি-৬৬৯৫০৬৭৯৯৪) ডিআইজি, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, বাংলাদেশ পুলিশ, ঢাকা | ১৮-১০-২০১৭ |
| ১৪. | জনাব মোহা. আব্দুল মালেক (বিপি-৬৬৯৫০১০০৩৪) ডিআইজি (প্রশাসন), রেলওয়ে পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা | ১৮-১০-২০১৭ |
| ১৫. | জনাব কাজী মোঃ ফজলুল করিম (বিপি-৭১৯৫০০৯৬৩৬) ডিআইজি, শিল্পাঞ্চল পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা | ১৮-১০-২০১৭ |
| ১৬. | জনাব মোঃ রেজাউল করিম (বিপি-৬৭৯৫০১০০৩৫) ডিআইজি (অ্যাডমিন), হাইওয়ে পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা | ১৮-১০-২০১৭ |
| ১৭. | জনাব বি. এম. হারুন-অর-রশীদ (বিপি-৬৮৯৫০২০৮৩৪) ডিআইজি (ক্রাইম ম্যানেজমেন্ট), রেলওয়ে পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা | ১৮-১০-২০১৭ |

| ক্রম | কর্মকর্তার নাম, বিপি ও পদবি | ডিআইজি পদে জ্যেষ্ঠতা প্রদানের তারিখ |
|---|---|---|
| ১৮. | জনাব ড. মোঃ আক্কাছ উদ্দিন ভূঁঞা (বিপি-৬৯৯৫০২০৮৩৬) ডিআইজি, এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা | ১৮-১০-২০১৭ |
| ১৯. | জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন মাতুব্বর, বিপিএম-সেবা, পিপিএম (বিপি ৬৭৯৫০০৮২৪২), ডিআইজি, সিআইডি, বাংলাদেশ পুলিশ, ঢাকা | ১৮-১০-২০১৭ |
| ২০. | জনাব মোঃ আহসান হাবীব পলাশ (বিপি-৭০৯৫০৩১১৩৩) ডিআইজি, চট্টগ্রাম রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, চট্টগ্রাম | ১৮-১০-২০১৭ |
| ২১. | ড. মোঃ আশরাফুর রহমান (বিপি-৬৭৯৫০০৯২৪৯) ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, ময়মনসিংহ | ১৮-১০-২০১৭ |
| ২২. | জনাব মোঃ আলমগীর রহমান (বিপি-৬৫৯৫০০৫৪৪৮) ডিআইজি, রাজশাহী রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, রাজশাহী | ১৮-১০-২০১৭ |
| ২৩. | জনাব মোঃ জমশের আলী (বিপি-৬৯৯৫১০৪৮৮০) ডিআইজি, সিআইডি, বাংলাদেশ পুলিশ, ঢাকা | ১৮-১০-২০১৭ |
| ২৪. | জনাব মোঃ মুশফেকুর রহমান (বিপি-৭০৯৫১১৯৭৪১) ডিআইজি, সিলেট রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, সিলেট | ১৮-১০-২০১৭ |
| ২৫. | জনাব মুহাম্মদ মুসলিম, পিপিএম-সেবা (বিপি-৭০৯৫০৪৪৪৯১) ডিআইজি, এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা | ০৬-১১-২০১৮ |
| ২৬. | ব্যারিস্টার মোহাম্মদ মোশাররফ হোছাইন (বিপি-৭১৯৫১১৮৯০৩) পরিচালক, এনএসআই | ০৬-১১-২০১৮ |
| ২৭. | জনাব তানভীর হায়দার চৌধুরী (বিপি-৬৮৯৫০৮২৯৩৮) ডিআইজি, এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা | ০৬-১১-২০১৮ |
| ২৮. | জনাব মোঃ সায়েদুর রহমান (বিপি-৬৮৯৫০২০৯০৪) ডিআইজি, পিবিআই, বাংলাদেশ পুলিশ, ঢাকা | ০৬-১১-২০১৮ |
| ২৯. | জনাব মোঃ মাহমুদুর রহমান, পিপিএম (বিপি-৬৯৯৫১০৪৫৫২) ডিআইজি, আরআরএফ, চট্টগ্রাম | ০৬-১১-২০১৮ |

২।জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সাঈদ**
উপসচিব।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ আশ্বিন ১৪৩১/০২ অক্টোবর ২০২৪

নং **২৩.০০.০০০০.০৬০.১১.০১০.২০-৩৮১**—বাংলাদেশ নৌবাহিনীর লেঃ কমান্ডার আসিফ ইকবাল, (ই), বিএন (পি নং ২৮১২)-কে নৌবাহিনী অধ্যাদেশ, ১৯৬১ এর ধারা ১৭(১) এবং নৌবাহিনী প্রবিধান, ১৯৬১ এর অনুচ্ছেদ ০৮০১(এফ) মোতাবেক প্রশাসনিক আদেশে নৌবাহিনীর চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

২।এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম. জে. আরিফ বেগ**
উপসচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/০২ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭৪.২৪.৩৭০**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলোঃ

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | চাড়ান | ২১৫ | ১৮৭৫ | ০৩ | কালিহাতী | টাঙ্গাইল | |
| ০২ | গোহালিয়াবাড়ী | ২১ | ১১৯৩ | ০১ | কালিহাতী | টাঙ্গাইল | |
| ০৩ | সরাবাড়ী | ২৯৪ | ২৫৯৯ | ০৬ | ঘাটাইল | টাঙ্গাইল | মহামান্য হাইকোর্ট বিভাগে ৮৫৪৪/২০ নং রিট থাকায় রিট সংশ্লিষ্ট ৪৭২ ও ২৬৩৯ নং খতিয়ান ব্যতিত |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
উপসচিব।

---

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
**শৃঙ্খলা, বিধি ও মতামত শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ৪ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/১৭ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৪৯.০০.০০০০.০০০.২৭.০১০.২০২২-৩৯**—যেহেতু, জনাব মোঃ মাহতাব উদ্দিন পাটোয়ারী, অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নোয়াখালী-এর বিরুদ্ধে SEIP প্রকল্পের অর্থায়নে পরিচালিত Motor Driving with Basic Maintenance কোর্সে অনিয়মের সাথে সংশ্লিষ্টতা থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা দায়ের (মামলা নং-০৯/২০২৩) পূর্বক গত ১৮-০২-২০২৪ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়: এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং আত্মপক্ষ সমর্থনে গত ০১-০৪-২০২৪ তারিখে ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন। কিন্তু শুনানীকালে সন্তোষজনক বক্তব্য উপস্থাপনে ব্যর্থ হন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক অভিযোগের বিষয়টি তদন্তে প্রমাণিত হয়; এবং

যেহেতু, আপনি নোয়াখালী টিটিসি'র অধ্যক্ষের দায়িত্বে থাকা অবস্থায় গত আগস্ট, ২০২১ মাসে টিটিসি, নোয়াখালীতে SEIP প্রকল্পের Trance-২ এর ৩য় ও ৪র্থ ব্যাচের ড্রাইভিং কোর্সের প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত হয়। SEIP প্রকল্পের Trance-২ এর বিজনেস প্ল্যান অনুযায়ী বর্ণিত কোর্সের ৩য় ও ৪র্থ ব্যাচের প্রশক্ষণার্থীদের Travel & Refreshment Allowance বাবদ বিএমইটি'র SEIP ইউনিট থেকে গত ১৮-০৩-২০২১ খ্রি. তারিখে ১ম কিস্তির ৭০% অর্থ এবং ২৮-১১-২০২২ খ্রি. তারিখে ২য় কিস্তির ৩০% অর্থ নোয়াখালী টিটিসি'র অনুকূলে ছাড় করা হয়। কিন্তু অর্থ প্রাপ্তির ২৬ মাস পরেও প্রশিক্ষণার্থীদের Travel & Refreshment Allowance প্রদান করা হয়নি। পরিশেষে, দুদক হতে গত ০১-০৬-২০২৩ খ্রিঃ তারিখে পত্র জারির পর গত ০৭ হতে ১৪ জুন, ২০২৩ তারিখের মধ্যে অভিযোগকারীসহ অন্যান্য ছাত্রদের স্ব-স্ব ব্যাংক একাউন্টে ভাতার টাকা প্রেরণ করা হয়েছে। আপনার এহেন কর্মকাণ্ডে প্রতিষ্ঠানটির ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে এবং ড্রাইভিং কোর্সের উপর নেতিবাচক প্রভাব পড়েছে; এবং

যেহেতু, আপনি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মতো গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের প্রধান, এ ধরনের কার্যকলাপ দায়িত্বজ্ঞানহীনতার পরিচায়ক যা অনাকাংখিত, কোনো অবস্থাতেই কাম্য নয় এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের শামিল; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় জনাব মোঃ মাহতাব উদ্দিন পাটোয়ারী, অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নোয়াখালী-এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে যা অসদাচরণের পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ। সার্বিক বিবেচনায় তাঁকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, জনাব মোঃ মাহতাব উদ্দিন পাটোয়ারী, অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নোয়াখালী এর জবাবের প্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে গত ০১-০৪-২০২৪ খ্রি. তারিখে শুনানীকালে উপস্থাপিত বক্তব্য পর্যালোচনাপূর্বক সার্বিক বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগে একই বিধিমালার বিধি ৪(২)(খ) অনুযায়ী তাঁকে 'বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা' শীর্ষক দণ্ড প্রদান করা হল। নির্দিষ্ট মেয়াদে অর্থাৎ, ০১ জুলাই ২০২৪ হতে ৩০ জুন ২০২৫ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের জন্য তাঁর বেতন বৃদ্ধি স্থগিত রাখা হলো। স্থগিতকৃত বর্ধিত বেতন পরবর্তীতে তিনি বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ/৩০ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৪৯.০০.০০০০.০৫০.২৭.০০৪.২৩-৬৬**—যেহেতু, জনাব মোঃ মিজানুর রহমান, অধ্যক্ষ, শেখ ফজিলাতুন্নেছা মুজিব কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (বর্তমানে টিটিসি, কুষ্টিয়া)-এর বিরুদ্ধে হাউজকিপিং কোর্সে নতুন নতুন ব্যাচে প্রশিক্ষণার্থী ভর্তির বিএমইটি'র অফিস আদেশ অমান্য করে ব্যত্যয় ঘটানো এবং বাবার নামে ভুয়া মুক্তিযোদ্ধা সার্টিফিকেট সংগ্রহ করে চাকরি নেয়ার বিষয়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা দায়েরপূর্বক (নম্বর ০৩/২০২৩) গত ২৬-০৯-২০২৪ খ্রিঃ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি লিখিত জবাব প্রেরণ করেন এবং ২১-১১-২০২৩ খ্রিঃ তারিখে শুনানীতে অংশগ্রহণ করেন। পরবর্তীতে গত ১৪-০২-২০২৪ খ্রিঃ তারিখে ব্যক্তিগত পুনঃশুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীকালে তিনি অভিযোগের বিষয়ে সন্তোষজনক জবাব ও সঠিক তথ্য উপস্থাপন করতে ব্যর্থ হন মর্মে প্রতীয়মান হয়। এ বিষয়ে ইত:মধ্যে তিনটি তদন্ত সম্পন্ন হয়েছে।

যেহেতু, তদন্ত কর্মকর্তাগণের প্রতিবেদন হতে এটি স্পষ্ট যে, বর্ণিত হাউজ কিপিং কোর্সে আসন সংখ্যার চেয়ে অধিক প্রশিক্ষণার্থী ভর্তি করা হয়েছিল। ভর্তি রেজিস্টারের তথ্য অনুযায়ী জুলাই/২০২২ হতে মার্চ/২০২৩ পর্যন্ত ১ মাসে ৩৭টি ব্যাচে সর্বমোট ৪৬৬৮ জন প্রশিক্ষণার্থী ভর্তি করা হয়। এভাবে সপ্তাহ ভিত্তিতে নতুন নতুন ব্যাচে ছাত্র ভর্তি করার পর আলাদাভাবে প্রশিক্ষণ প্রদান করতে হলে আলাদা প্রশিক্ষক ও ওয়ার্কশপ প্রয়োজন হয়। অথচ উক্ত টিটিসিতে হাউজকিপিং কোসের জন্য মাত্র ০৪ জন শিক্ষক কর্মরত ছিলেন এবং ওয়ার্কশপ ছিল মাত্র ০২টি, যা দিয়ে বাস্তবে আদৌ ঐ বিপুল সংখ্যক প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ প্রদান করা সম্ভব নয়। এক্ষেত্রে প্রশিক্ষণের কার্যকারিতা ও গুণগতমান বজায় রাখা হয়নি। এছাড়া, যথাযথ অনুমোদন ব্যতিতই ১ মাসের কোর্স ২ মাস করা হয়েছে। এক্ষেত্রে, বাস্তবে কোর্স ১ মাস পরিচালিত হলেও অবৈধভাবে ২ মাসের আবাসন ও খাদ্য চার্য গ্রহণ করা হয়েছে। উপরন্তু যথাযথভাবে রেজিস্টারসমূহ ও ব্যয় বিবরণী মেইনটেইন করা হয়নি। শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মত গুরুত্বপূর্ণ একটি সরকারি প্রতিষ্ঠানের প্রধান (অধ্যক্ষ) হিসেবে জনাব মোঃ মিজানুর রহমান এক্ষেত্রে অদক্ষতা ও দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন, সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। বর্ণিতাবস্থায়, ইতঃপূর্বে তাঁর দাখিলকৃত লিখিত জবাব ও নথি পর্যালোচনাপূর্বক "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" সূচক দণ্ড প্রদান যথোপযুক্ত প্রতীয়মান হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তগণের প্রতিবেদন এবং মোঃ মিজানুর রহমান, অধ্যক্ষ, শেখ ফজিলাতুন্নেছা মুজিব কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (বর্তমানে টিটিসি, কুষ্টিয়া) এর লিখিত এবং ব্যক্তিগত শুনানীকালে উপস্থাপিত বক্তব্য পর্যালোচনায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

(ক) অধ্যক্ষ জনাব মোঃ মিজানুর রহমান তাঁর পিতা জনাব মোঃ আনছার আলীর মুক্তিযোদ্ধা সনদটি জাল ও মিথ্যা প্রমাণিত হওয়ায় ভুয়া মুক্তিযোদ্ধা সার্টিফিকেট সংগ্রহ করে এবং মুক্তিযোদ্ধা কোটায় পিএসসি'র মাধ্যমে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ৬ষ্ঠ গ্রেডের "অধ্যক্ষ" পদে চাকরিতে নিয়োগলাভের অভিযোগের সত্যতার প্রমাণিত হয়েছে। কিন্তু তিনি পিতার সার্টিফিকেটের বিষয়ে হাইকোর্ট বিভাগে Write Petition No 13116 of 2023 দায়ের করেন, যা এখনো চলমান রয়েছে। বর্ণিতাবস্থায়, আদালতের আদেশ পাওয়ার পর এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

(খ) তদন্তকারী কর্মকর্তা জনাব মির্জা শাকিলা দিল হাছিন, উপসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, তিনি রেজিস্টার এবং অন্যান্য দালিলিক প্রমাণাদি যাচাই না করে শুধু অভিযুক্ত কর্মকর্তা এবং তার সহযোগী কর্মচারীদের সাক্ষ্যের উপর ভিত্তি করে জনাব মোঃ মিজানুর রহমান, অধ্যক্ষ, শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (বর্তমানে টিটিসি, কুষ্টিয়া)-কে তার বিরুদ্ধে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের সুপারিশ করেছেন, যা সার্বিক বিবেচনায় গ্রহণযোগ্য নয়।

(গ) তদন্ত কর্মকর্তাগণের প্রতিবেদন হতে এটি স্পষ্ট যে, বর্ণিত হাউজ কিপিং কোর্সে আসন সংখ্যার চেয়ে অধিক প্রশিক্ষণার্থী ভর্তি করা হয়েছিল। ভর্তি রেজিস্টারের তথ্য অনুযায়ী জুলাই/২০২২ হতে মার্চ/২০২৩ পর্যন্ত ১ মাসে ৩৭ টি ব্যাচে সর্বমোট ৪৬৬৮ জন প্রশিক্ষণার্থী ভর্তি করা হয়। এভাবে সপ্তাহ ভিত্তিতে নতুন নতুন ব্যাচে ছাত্র ভর্তি করার পর আলাদাভাবে প্রশিক্ষণ প্রদান করতে হলে আলাদা প্রশিক্ষক ও ওয়ার্কশপ প্রয়োজন হয়। অথচ উক্ত টিটিসিতে হাউজকিপিং কোর্সের জন্য মাত্র ০৪ চন শিক্ষক কর্মরত ছিলেন এবং ওয়ার্কশপ ছিল মাত্র ০২টি, যা দিয়ে বাস্তবে আদৌ ঐ বিপুল সংখ্যক প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ প্রদান করা সম্ভব নয়। এক্ষেত্রে প্রশিক্ষণের কার্যকারিতা ও গুণগতমান বজায় রাখা হয়নি। এছাড়া, যথাযথ অনুমোদন ব্যতিতই ১ মাসের কোর্স ২ মাস করা হয়েছে। এক্ষেত্রে, বাস্তবে কোর্স ১ মাস পরিচালিত হলেও অবৈধভাবে ২ মাসের আবাসন ও খাদ্য চার্য গ্রহণ করা হয়েছে। উপরন্তু যথাযথভাবে রেজিস্টারসমূহ ও ব্যয় বিবরণী মেইনটেইন করা হয়নি। শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মত গুরুত্বপূর্ণ একটি সরকারি প্রতিষ্ঠানের প্রধান (অধ্যক্ষ) হিসেবে জনাব মোঃ মিজানুর রহমান এক্ষেত্রে অদক্ষতা ও দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন, সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। বর্ণিতাবস্থায়, ইতঃপূর্বে তাঁর দাখিলকৃত লিখিত জবাব ও নথি পর্যালোচনাপূর্বক "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" সূচক দণ্ড প্রদান যথোপযুক্ত প্রতীয়মান হয়।

সেহেতু, জনাব মোঃ মিজানুর রহমান, অধ্যক্ষ, শেখ ফজিলাতুন্নেছা মুজিব কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (বর্তমানে টিটিসি, কুষ্টিয়া)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(ঘ) বিধি অনুযায়ী তাঁর বর্তমান "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" শীর্ষক লঘুদণ্ড প্রদান করা হলো। অর্থাৎ জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৬ষ্ঠ গ্রেডে (৩৫৫০০/-৩৭২৮০-৩৯১৫০-৪১১১০-৪৩১৭০-৪৫৩৩০-৪৭৬০০-৪৯৯৮০-৫২৪৮০-৫৫১১০-৫৭৮৭০-৬০৭৭০-৬৩৮১০-৬৭০১০/-) তাঁর বর্তমান মূল বেতন ৬০৭৭০/- টাকার স্থলে এক নিম্ন ধাপের মূল বেতন ৫৭৮৭০/- টাকায় অবনমিত করা হলো। আদেশ জারির তারিখ থেকে এক বছর এ দণ্ড বলবৎ থাকবে। আদেশ বলবৎ থাকাকালে তিনি বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনাযোগ্য হবেন না।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৯.০০.০০০০.০৫০.২৭.১৬৭.২১-৬৭**—যেহেতু, জনাব পংকজ চৌধুরী, ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স)-এর বিরুদ্ধে কেরানীগঞ্জ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে কর্মরত থাকাকালীন তাঁর বিরুদ্ধে হাউজকিপিং পেশায় বিদেশগামী ০৫ (পাঁচ) জন মহিলা কর্মীকে জাল সনদ প্রদানের বিষয়ে অভিযোগ উত্থাপিত হয় এবং বিএমইটি কর্তৃক তদন্তে অভিযোগের সত্যতা পাওয়া যায়নি;

যেহেতু, কেরানীগঞ্জ টিটিসির তৎকালীন ইন্সট্রাক্টর (বর্তমানে নীলফামারী টিটিসিতে কর্মরত) জনাব পংকজ চৌধুরী লিখিত ও মৌখিক বক্তব্যে জানান যে, তিনি কেরানীগঞ্জ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে কর্মরত থাকাকালীন সময়ে হাউজকিপিং পেশার সংশ্লিষ্ট ০৫ জন মহিলা কর্মী যথা: সাবিনা ইয়াছমিন মিনারা, রোজিনা বেগম, আরজু, মোছাঃ রেহেনা খাতুন, মোছাঃ লায়লা বেগমের নামে জাল সনদপত্র প্রদান, প্রশিক্ষণ বিহীন সনদপত্র প্রদান, সফটওয়্যারে আপলোডকরণ বা পাসওয়ার্ড ব্যবহার করা এর কোনটিরই সাথে সম্পৃক্ত ছিলেন না, এমনকি হাউজকিপিং ট্রেডের সনদপত্র আপলোডের পাসওয়ার্ড কখনোই তার কাছে ছিল না বা ব্যবহার করেননি। তিনি শুধুমাত্র নিয়মিত কোর্স হিসেবে ইলেকট্রনিক্স ট্রেড, এসএসসি (ভোক) নবম ও দশম শ্রেণি, বৈকালীন কোর্স, স্টেপ প্রকল্পের কোর্সের প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ প্রদানে নিয়োজিত ছিলেন। তাছাড়া অধ্যক্ষের নির্দেশক্রমে ট্রেড সংশ্লিষ্ট প্রশাসনিক কাজও সম্পাদন করতেন। জনাব পংকজ চৌধুরী তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলায় ব্যক্তিগত শুনানিতে প্রশাসনিক মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের প্রশ্নোত্তর পর্বে জানিয়েছেন যে, আনীত অভিযোগটি রি/এজেন্সি মেসার্স আনোয়ার এন্টারপ্রাইজ লিঃ এর বিরুদ্ধে থাকা সত্বেও কিভাবে কেরানীগঞ্জ টিটিসির তৎকালীন অধ্যক্ষ ও তিনিসহ ০২ জন ইন্সট্রাক্টরের বিরুদ্ধে অভিযোগ আনা হলো সে বিষয়ে তিনি বোধগম্য নন। তিনি অভিযোগের অধিকতর তদন্তের জন্য সিনিয়র সচিব মহোদয়কে অনুরোধ করেন মর্মে জানান। তৎকালীন সময়ে কেরানীগঞ্জ টিটিসি হতে প্রশিক্ষণার্থীদের বিএমইটির নির্ধারিত ফরমেটে হাতে লেখা সনদপত্র প্রদান করা হতো। বিএমইটির নির্ধারিত ফরমেটের শূন্য স্থানে প্রশিক্ষণার্থীদের তথ্য কলম দ্বারা পূরণ করে সনদপত্র প্রস্তুত করা হতো এবং মহাপরিচালক মহোদয়ের স্বাক্ষরের জন্য বিএমইটিতে প্রেরণ করা হতো। অভিযোগ সংশ্লিষ্ট ০৫টি সনদপত্র কম্পিউটারে কম্পোজ ও প্রিন্ট করা ছিল।

যেহেতু, প্রাথমিক তদন্ত প্রতিবেদনে তদন্ত কর্মকর্তা উল্লেখ করেন যে, (ক) রিক্রুটিং এজেন্সী মেসার্স এস আনোয়ার ওভারসীজ (আর এল-১৩৭৩) এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আনোয়ার হোসেন বক্তব্যে প্রশিক্ষণ গ্রহণ ও সনদ সংগ্রহ সংক্রান্ত কার্যাবলির সঙ্গে তাঁর প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীর উপর নির্ভরশীল ছিলেন বলে মনে করলেও সংঘটিত ঘটনার দায় এড়ানোর কোনো সুযোগ নেই বলে তদন্ত কর্মকর্তার নিকট প্রতীয়মান হয়েছে। এক্ষেত্রে রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে "বৈদেশিক সংস্থান ও অভিবাসী আইন-২০১৩" অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে অথবা তিনি বা পরিচালনাধীন রিক্রুটিং এজেন্সি মেসার্স এস আনোয়ার ওভারসীজ (আরএল-১৩৭৩) এর বিরুদ্ধে ইতোপূর্বে দাখিলকৃত আর কোনো অভিযোগ না থাকলে রি/এজেন্সি ক্ষমা প্রার্থনার বিষয়টি বিবেচনাপূর্বক ভবিষ্যতে এ ধরনের কর্মকাণ্ড/জালিয়াতির ঘটনা যাতে না ঘটে তিরস্কারপূর্বক সতর্ক করা যেতে পারে। (খ) কেরানীগঞ্জ এর কোনো শিক্ষক/স্টাফ এর সাথে প্রত্যক্ষভাবে জড়িত না থাকলেও পাসওয়ার্ড ব্যবহারে অসতর্ক থাকার কারণে ঘটেছে মর্মে তদন্ত কর্মকর্তার নিকট প্রতীয়মান হয়। এক্ষেত্রে কেরানীগঞ্জ টিটিসি'র ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব আসিফ আজিজসহ পাসওয়ার্ড ব্যবহারকারী ০২ (দুই) জন ইন্সট্রাক্টর জনাব পংকজ চৌধুরী এবং জনাব আব্দুল ওয়াদুদকে পাসওয়ার্ড ব্যবহারে অসতর্ক থাকা/দায়িত্বে অবহেলার কারণে ভবিষ্যতে এ ধরনের অনাকাংখিত ও জালিয়াতির ঘটনা যাতে না ঘটে সেজন্য সতর্ক করা যেতে পারে।

যেহেতু, পরবর্তীতে অধিকতর তদন্ত প্রতিবেদনে তদন্ত কর্মকর্তা তাঁর মতামতে বলেন যে, কেরানীগঞ্জ টিটিসি'র সাবেক ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স) জনাব পংকজ চৌধুরীর বিরুদ্ধে কেরানীগঞ্জ টিটিসিতে থাকাকালীন উক্ত কেন্দ্রের হাউজ কিপিং পেশার ০৫ জন মহিলা কর্মীর জাল প্রশিক্ষণ সনদ ওয়েবসাইটে আপলোড সংক্রান্ত অভিযোগের প্রেক্ষিতে সংশ্লিষ্টদের বক্তব্য এবং দাখিলকৃত কাগজপত্র পর্যবেক্ষণে কেরানীগঞ্জ টিটিসির তৎকালীন ইন্সট্রাক্টর জনাব পংকজ চৌধুরী বা প্রশিক্ষণ সনদ যাচাইয়ের জন্য ব্যবহৃত সার্ভার বা সফটওয়্যারটির সিকিউরিটি সিস্টেমের দুর্বলতার সুযোগে কোনো তৃতীয় পক্ষ বা প্রতারক চক্র বিএমইটির সার্ভারে জাল সনদপত্রগুলো আপলোড করে থাকতে পারে।

সেহেতু, অভিযুক্ত জনাব পংকজ চৌধুরী, ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স)-এর বক্তব্য ও তদন্ত প্রতিবেদন পর্যালোচনা ও সার্বিক বিবেচনায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের সুনির্দিষ্ট ভিত্তি না থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৯.০০.০০০০.০৫০.২৭.১৬১.২১-৬৮**—যেহেতু, জনাব মোঃ আব্দুল ওয়াদুদ খান, ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) কেরানীগঞ্জ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে কর্মরত থাকাকালীন তাঁর বিরুদ্ধে হাউজকিপিং পেশায় বিদেশগামী ০৫ (পাঁচ) জন মহিলা কর্মীকে জাল সনদ প্রদানের বিষয়ে অভিযোগ উত্থাপিত হয় এবং বিএমইটি কর্তৃক প্রাথমিক তদন্তে অভিযোগের সত্যতার ভিত্তিতে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত করা হয়।

যেহেতু, বিএমইটি হতে এ বিষয়ে তদন্ত করা হলে তদন্ত কর্মকর্তা তাঁর প্রতিবেদনে উল্লেখ করেন যে, কেরানীগঞ্জ এর কোনো শিক্ষক/স্টাফ এর সাথে প্রত্যক্ষভাবে জড়িত না থাকলেও পাসওয়ার্ড ব্যবহারে অসতর্ক থাকার কারণে ঘটেছে মর্মে তদন্ত কর্মকর্তার নিকট প্রতীয়মান হয়। এক্ষেত্রে কেরানীগঞ্জ টিটিসি'র ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব আসিফ আজিজসহ পাস ব্যবহারকারী ০২ (দুই) জন ইন্সট্রাক্টর জনাব পংকজ চৌধুরী এবং জনাব আব্দুল ওয়াদুদকে পাসওয়ার্ড ব্যবহারে অসতর্ক থাকা/দায়িত্বে অবহেলার কারণে ভবিষ্যতে এ ধরনের অনাকাংখিত ও জালিয়াতির ঘটনা যাতে না ঘটে সেজন্য সতর্ক করা যেতে পারে।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ০৩-০৩-২০২৪ খ্রিঃ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে ২৪-০৬-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠেয় ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন এবং অভিযোগনামায় বর্ণিত অসদাচরণ তিনি করেননি বলে দাবি করেন। এছাড়া পাসওয়ার্ড ব্যবহারে অসাবধানতা অবলম্বনের বিষয়টি তিনি স্বীকার করেছেন মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখিত বক্তব্য অস্বীকার করেন। এছাড়া তৎকালীন অধ্যক্ষ একখানা প্রত্যয়ন পত্রে উল্লেখ করেন যে, জনাব মোঃ আব্দুল ওয়াদুদ খান, ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) হাউজকিপিং ট্রেডের কার্যক্রমে জড়িত ছিলেন না।

সেহেতু, জনাব মোঃ আব্দুল ওয়াদুদ খান, তৎকালীন ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), কেরানীগঞ্জ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (বর্তমানে মানিকগঞ্জ) কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র)-এর বক্তব্য ও তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় ও সার্বিক বিবেচনায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের সুনির্দিষ্ট ভিত্তি না থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রুহুল আমিন**
সচিব।

**অর্থ মন্ত্রণালয়**

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/১ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৭-১২৭**—Bangladesh Bank Order, 1972 (President's Order No. 127 of 1972) এর Article 9(3)(b) ও 12(1)(b) অনুযায়ী বাংলাদেশ ব্যাংক-এর ডেপুটি গভর্নর ড. মোঃ হাবিবুর রহমান-কে বাংলাদেশ ব্যাংক-এর পরিচালক পর্ষদে পরিচালক এবং নির্বাহী কমিটির সদস্য হিসেবে বর্তমান পদে কর্মরত থাকাকালীন মেয়াদে নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**সুরক্ষা সেবা বিভাগ**

**কারা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ/২১ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৮৫.০৪.০০৩.২৪-৩৩৩**—জনাব রেদোয়ান আহমেদ এঁর সাজা স্থগিতের বিষয়ে দাখিলকৃত আবেদন এবং আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের আলোকে The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898)-এর ধারা ৪০১(১) এ প্রদত্ত ক্ষমতাবলে বিশেষ জজ আদালত-২, ঢাকা কর্তৃক গত ১৪-০৮-২০২৩ তারিখে বিশেষ মামলা নং-১৪/২০০৭ (মেট্রো বিশেষ মামলা নং-১৩৩/২০০৭ এবং রমনা থানার মামলা নং-৪০, তারিখ : ১৫-০২-২০০৭ হতে উদ্ভূত)-এ তাঁর বিরুদ্ধে প্রদত্ত দণ্ডাদেশ বিজ্ঞ আদালতে আত্মসমর্পণপূর্বক আপিল দায়েরের শর্তে ০১ (এক) বছরের জন্য নির্দেশক্রমে স্থগিত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
উপসচিব।